রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, অক্টোবর, ২১, ১৯৮৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

ঢাকা, ৩রা কার্তিক, ১৩৯৬/১৮ই অক্টোবর, ১৯৮৯

নং এস.আর.ও ৩৫৬-আইন/৮৯—গ্যাসপূর্ণ সিলিণ্ডারকে বিস্ফোরক হিসাবে ঘোষনা সংক্রান্ত স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ৮ই অক্টোবর, ১৯৮৯/১৮ই আশ্বিন, ১৩৯৬ তারিখের এস.আর.ও ৩৩৯-আইন/৮৯ নং প্রজ্ঞাপনসহ পঠিতব্য Explosives Act, 1884 (IV of 1884) এর section 5, 7, 9 (4) এবং 9A তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়নের প্রস্তাব করিতেছে। প্রস্তাবিত বিধিমালার ফলে প্রভাবিত বা ক্ষতিগ্রস্থ হইতে পারেন এমন সকল ব্যক্তিদের অবগতির জন্য উক্ত Act এর section 18 এর বিধান মোতাবেক উক্ত বিধিমালার খসড়া নিম্নে প্রকাশ করা হইল এবং এতদ্বারা নোটিশ প্রদান করা হইল যে, খসড়া বিধিমালাটি সরকারী গেজেটে জারীর তারিখ হইতে ত্রিশ দিন অতিবাহিত হওয়ার পর উহা চূড়ান্তভাবে জারী করার জন্য বিবেচনা করা হইবে।

উক্ত খসড়া বিধিমালা সম্পর্কে উল্লিখিত সময়ের মধ্যে নিম্নস্বাক্ষরকারী কোন আপত্তি বা পরামর্শ পাইলে সরকার তাহা বিবেচনা করিবে।

## খসড়া বিধিমালা

### প্রথম পরিচ্ছেদ

### প্রারম্ভিক

১। সংক্ষিপ্ত শিরনামা।—এই বিধিমালা গ্যাস সিলিণ্ডার বিধিমালা, ১৯৮৯ নামে অভিহিত হইবে।



মূল্যঃ টাকা ২.৭০

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) "এ্যাক্ট" অর্থ Explosives Act, 1884 (IV of 1884);

(খ) "উপস্থিতি পরীক্ষণ" অর্থ কোন সিলিণ্ডারের পরীক্ষা চাপের সমপরিমাণ জলচাপ প্রয়োগ করিয়া উক্ত সিলিণ্ডারের যে পরীক্ষা করা হয় সেই পরীক্ষা;

(গ) "উপস্থিতি প্রসারণ পরীক্ষণ" অর্থ উপস্থিতি পরীক্ষণের মাধ্যমে কোন সিলিণ্ডারের স্থায়ী প্রসারণ নির্ণয় করা;

(ঘ) "কার্য চাপ" অর্থ,—

(অ) তরলযোগ্য গ্যাসের ক্ষেত্রে, গ্যাস তরলীকৃত হওয়ার পর উক্ত তরল হইতে সৃষ্ট সম্পৃক্ত বাষ্প (saturated vapour) কর্তৃক, ৬৫ সেঃ তাপমাত্রায়, সিলিণ্ডারে প্রযুক্ত চাপ; এবং

(আ) স্থায়ী গ্যাসের ক্ষেত্রে, উক্ত গ্যাস কর্তৃক ১৫ সেঃ তাপমাত্রায়, সিলিণ্ডারে চাপ;

(ঙ) "গ্যাসপূর্ণ সিলিণ্ডার" অর্থ এমন সিলিণ্ডার যাহাতে স্থায়ী গ্যাস, তরলযোগ্য গ্যাস বা দ্রবীভূত গ্যাস এইরূপে ভর্তি করা হইয়াছে যে, গ্যাস পূর্ণ অবস্থায় উক্ত সিলিণ্ডারের অভ্যন্তর ভাগের প্রতি বর্গ সেন্টিমিটারে উক্ত গ্যাস, ৫০° সেঃ তাপমাত্রায়, গেজের মাপে অন্যূন্য ২ কিলোগ্রাম চাপ প্রয়োগ করে;

(চ) "গ্যাস ভর্তি করা" অর্থ কোন সিলিণ্ডারে এমনভাবে স্থায়ী গ্যাস, তরলযোগ্য গ্যাস বা দ্রবীভূত গ্যাস ভর্তি করা যাহাতে উক্ত গ্যাস ভর্তির সময় সিলিণ্ডারের অভ্যন্তরভাগের প্রতি বর্গ সেন্টিমিটারে, ৫০° সেঃ তাপমাত্রায়, গেজের মাপে অন্যূন ২ কিলোগ্রাম চাপ প্রয়োগ করে;

(ছ) "গ্যাস-সিলিণ্ডার" বা "সিলিণ্ডার" অর্থ অন্যূন ৫০০ মিলিমিটার কিন্তু অনূর্ধ ১০০০ লিটার জল ধারণক্ষমতা সম্পন্ন কোন আবদ্ধ ধাতব আধার যাহা গ্যাস মজুদ বা পরিবহনের কাজে ব্যবহৃত হয়;

(জ) "জলধারন ক্ষমতা" অর্থ ১৫° সেঃ তাপমাত্রায় লিটারের হিসাবে জলধারণ ক্ষমতা;

(ঝ) "টেয়ার ওজন" অর্থ—

(অ) দ্রবীভূত এ্যাসিটাইলিন সিলিণ্ডার-এর ক্ষেত্রে, সিলিণ্ডারের সহিত স্থায়ীভাবে সংযুক্ত আনুসংগিক যন্ত্রসমূহ, ভালভ, সেফটি রিলিফ ব্যবস্থা, ছিদ্রময় পদার্থ (proous mass) এ্যাসিটাইলিন দ্রবীভূত করার জন্য প্রয়োজনীয় পরিমান দ্রাবক এবং বায়ুমণ্ডলীয় চাপে ১৫° সেঃ তাপমাত্রায় সংশ্লিষ্ট দ্রাবককে সম্পৃক্ত করিতে পারে এমন এ্যাসিটাইলিন গ্যাসের ওজনসহ এ্যাসিটাইলিন সিলিণ্ডারের ওজন;

(আ) তরলযোগ্য গ্যাসের সিলিণ্ডারের ক্ষেত্রে, সিলিণ্ডারের সহিত স্থায়ীভাবে সংলগ্ন যন্ত্র বা ফিটিংস ও ভালভের ওজনসহ সিলিণ্ডারের ওজন;

(ই) স্থায়ী গ্যাসের সিলিণ্ডারের ক্ষেত্রে, সিলিণ্ডারের সহিত স্থায়ীভাবে সংযুক্ত যন্ত্রপাতি বা ফিটিংস এর ওজনসহ সিলিণ্ডারের ওজন;

(ঞ) "তপসিল" অর্থ এই বিধিমালার কোন তফসিল;

(ট) "তরলযোগ্য গ্যাস" অর্থ সেই গ্যাস যাহা (—) ১০° সেঃ বা তদূর্ধ তাপমাত্রায় চাপ প্রয়োগের ফলে তরলে পরিণত হয় এবং ৩০° সেঃ তাপমাত্রায় স্বাভাবিক বায়ুমণ্ডলীয় চাপে (৭.৬০ মিঃ মিঃ মার্কারী) সম্পূর্ণরূপে বাষ্পে পরিণত হয়;

(ঠ) "ধারা" অর্থ এ্যাক্টের কোন section ;

(ড) "নিরপেক্ষ পরিদর্শনকারী" অর্থ, এই বিধিমালার উদ্দেশ্য পূরনকল্পে, প্রধান পরিদর্শক কর্তৃক নিরপেক্ষ পরিদর্শনকারী বলিয়া স্বীকৃত কোন ব্যক্তি বা সংস্থা, তবে সিলিণ্ডার নির্মাতা অথবা তাহার অধীনস্থ কোন ব্যক্তি বা সংস্থা ইহার অর্ন্তভুক্ত হইবেন না;

(ঢ) "পরীক্ষা চাপ" অর্থ উদস্থিতি পরীক্ষণ বা উদস্থিতি প্রসারণ পরীক্ষণে প্রযুক্ত চাপ;

(ণ) "পূরণ অনুপাত" অর্থ ১৫° সেন্টিগ্রেড তাপমাত্রায় কোন সিলিণ্ডারে যে পরিমান তরলযোগ্য গ্যাস পূরন করা যায় সেই পরিমাণ গ্যাসের ওজন ও উক্ত তাপমাত্রায় উক্ত সিলিণ্ডারে যে পরিমান পানি রাখা যায় সেই পরিমাণ পানির ওজনের অনুপাত ;

(ত) "প্রজ্বলনীয় গ্যাস" অর্থ এমন গ্যাস যাহা বায়ুর সহিত মিশ্রিত হইলে এবং উক্ত মিশ্রণে উক্ত গ্যাসের পরিমান আয়তনের হিসাবে, অনধিক ১৩% হইলে মিশ্রণটি একটি প্রজ্বলনীয় (flame ble) পদার্থ পরিনত হয়;

(থ) "প্রধান পরিদর্শক" অর্থ Chief Inspector of Explosives in Bangladesh;

(দ) "ফরম" অর্থ তফসিল ১এ বিধৃত কোন ফরম;

(ধ) "বিষাক্ত গ্যাস" অর্থ এমন গ্যাস যাহা মানুষের শরীরে প্রবেশ করিলে বা মানুষের শরীরের ত্বকের সংস্পর্শে আসিলে মানুষের মৃত্যু ঘটাইতে বা স্বাস্থ্যের পক্ষে ক্ষতিকর হইতে পারে;

(ন) "ব্যক্তি" বলিতে কোন ব্যক্তিসংঘ, ব্যবসা প্রতিষ্ঠান, কোম্পানী এবং সংবিধিবদ্ধ সংস্থাও উহার অর্ন্তভুক্ত হইবে;

(প) "লাইসেন্স" অর্থ বিধি ৪৪(৫) এর অধীনে প্রদত্ত কোন লাইসেন্স;

(ফ) "ষ্ট্যাণ্ডার্ড স্পেসিফিকেশন" অর্থ বৃটিশ ষ্ট্যাণ্ডার্ডস ইন্সটিটিউশন বা এই বিধিমালার উদ্দেশ্যে পূরণকল্পে, প্রধান পরিদর্শক কর্তৃক স্বীকৃত অন্য কোন প্রতিষ্ঠান কর্তৃক প্রণীত স্পেসিফিকেশন;

(ব) "স্থায়ী গ্যাস" অর্থ এইরুপ গ্যাস যাহাকে (--) ১০° সেন্টিগ্রেডের অধিক তাপমাত্রায় কোন চাপ প্রয়োগের মাধ্যমে তরলে পরিণত যায় না।

## দ্বিতীয় পরিচ্ছেদ

## সাধারণ নিয়মাবলী

৩। সিলিণ্ডার নির্মাণ।--(১) প্রধান পরিদর্শকের লিখিত অনুমতি ব্যতিরেকে কোন ব্যক্তি সিলিণ্ডার, ভাল্ভ ও সংশ্লিষ্ট অন্যান্য যন্ত্রাংশ নির্মাণ করিতে পারিবেন না।

(২) সিলিণ্ডার, ভাল্ভ ও সংশ্লিষ্ট যন্ত্রাংশ নির্মাণ করিতে ইচ্ছুক ব্যক্তি তফসিল-১ বিধৃত ফরম 'ক' যথাযথভাবে পূরণ করিয়া ও প্রয়োজনীয় তথ্য ও কাগজাদিসহ উহা প্রধান পরিদর্শকের নিকট দাখিল করিবেন।

(৩) উপ-বিধি(২) এর অধীন দাখিলকৃত দরখাস্ত বিবেচনার সুবিধার্থে প্রধান পরিদর্শক দরখাস্তকারীর নিকট যে কোন তথ্য বা কাগজপত্র তলব করিতে পারিবেন এবং দরখাস্তটি বিবেচনান্তে অনুমোদনযোগ্য মনে করিলে উহা, তাহার বিবেচনায় যথাযথ শর্তাধীনে, অনুমোদন করিয়া দরখাস্তকারীকে একটি অনুমোদন পত্র প্রদান করিবেন।

৪। সিলিণ্ডারে গ্যাস ভর্তি ইত্যাদি।--কোন ব্যক্তি কোন গ্যাস দ্বারা সিলিণ্ডার ভর্তি করিবেন না, বা এইরূপ গ্যাসপূর্ণ সিলিণ্ডার অথবা গ্যাস ভর্তি করিবার উদ্দেশ্যে কোন খালি সিলিণ্ডার আমদানী বা পরিবহন করিবেন না, বা তাহার অধিকারে রাখিবেন না, যদি না--

(ক) এইরূপ সিলিণ্ডার এবং উহার ভালভ প্রধান পরিদর্শক কর্তৃক অনুমোদিত ধরণের এবং তৎকর্তৃক অনুমোদিত ষ্ট্যাণ্ডার্ড স্পেসিফিকেশন অনুযায়ী তৈরী হইয়া থাকে;

(খ) নিরপেক্ষ পরিদর্শনকারী প্রয়োজনীয় পরিদর্শন ও পরীক্ষার পর উক্ত সিলিণ্ডার ও ভাল্ভ্ সম্পর্কে তফসিল-২ এ উল্লিখিত তথ্যাদি সম্বলিত একটি প্রত্যায়ন পত্র প্রদান করেন।

৫। ভালভ্।--(১) প্রত্যেকটি সিলিণ্ডারে একটি কার্যোপযোগী ভালভ সংযুক্ত থাকিবে যাহা প্রাসংগিক ষ্ট্যাণ্ডার্ড স্পেসিফিকেশনের সহিত সামঞ্জস্যপূর্ণ হইবে।

(২) কার্বন-ডাই-অক্সাইড সিলিণ্ডারের ভালভের সহিত বিধি ৬ এ উল্লিখিত ধরণের একটি সেফটি রিলিফ ব্যবস্থা সংযুক্ত থাকিবে যাহা প্রতি সেন্টিমিটারে ২০০ কিলোগ্রাম(কেজি) চাপে ফাটিয়া যাইবে।

(৩) প্রজ্বলনীয় গ্যাস সিলিণ্ডার ভালভের নির্গমন পথের সহিত এইরূপ একটি প্যাঁচকাটা স্ক্রু সংযুক্ত থাকিবে যাহা বাম দিকে ঘুরাইয়া আঁটা যায়।

(৪) প্রজ্বলনীয় গ্যাস সিলিণ্ডার ব্যতীত অন্যান্য সিলিণ্ডারের ভালভের নির্গমন পথে এইরূপ একটি প্যাঁচকাটা স্ক্রু থাকিবে যাহা ডান দিকে ঘুরাইয়া আঁটা যায়।

(৫) ভালভটি সিলিণ্ডারের গলায় প্যাঁচ দিয়া এইরূপে আটকান থাকিবে, যেন উহা সিলিণ্ডারের সহিত স্থায়ীভাবে সংযুক্ত না থাকে, প্রয়োজনের সময় খোলা যায় এবং উহাকে সিলিণ্ডারের সহিত সংযুক্ত করিবার জন্য উহাদের মধ্যবর্তী স্থানে অন্য কোন পদার্থ লাগান না হয়।

(৬) স্পেগুেল চালিত ভালভ এইরূপ হইবে যেন ভালভটি সিলিণ্ডারের সহিত সংযুক্ত অবস্থায় চালু থাকিলে উক্ত স্পেণ্ডেল ভালভ হইতে আলাদা করা না যায়।

৬। সেফটি রিলিফ ব্যবস্থা।--(১) কার্বণ-ডাই-অক্সাইড গ্যাস সিলিণ্ডারের ভালভের সহিত কোমল ( soft ) তামার পাতের তৈরী এমন একটি সেফটি রিলিফ ব্যবস্থা সংযুক্ত থাকিবে যাহা প্রতি বর্গসেন্টিমিটারে ২০০ কেজি চাপে ফাটিয়া যায়।

(২) বিধি ১৫ এর বিধান সাপেক্ষে প্রস্তুতকারীর সুপারিশ অনুসারে সেফটি রিলিফ ব্যবস্থার রক্ষণাবেক্ষণ করিতে হইবে।

(৩) উৎপাত সৃষ্টিকারী বা বিষাক্ত গ্যাসের সিলিণ্ডারে কোন সেফটি রিলিফ ব্যবস্থা থাকিবে না।

৭। সিলিণ্ডারে বিভিন্ন তথ্য লিখন ইত্যাদি।--(১) স্থায়ী বা তরলযোগ্য গ্যাস ভর্তির জন্য ব্যবহার্য্য সিলিণ্ডারে, এই বিধির অন্যান্য বিধান সাপেক্ষে, নিম্নবর্ণিত তথ্যাদি লিপিবদ্ধ থাকিবে, যথাঃ--

(ক) সিলিণ্ডারের প্রস্তুতকারী ও নিরপেক্ষ পরিদর্শনকারীর নাম নির্দেশক চিহ্ন বা সংক্ষিপ্ত নাম ও সিলিণ্ডারের নম্বর (rotation number);

(খ) যে ষ্ট্যাণ্ডার্ড স্পেসিফিকেশন অনুসারে সিলিণ্ডার প্রস্তুত করা হইয়াছে উহার নাম ও নম্বর;

(গ) সিলিণ্ডার প্রস্তুত করার সময় বা মেরামতের পর তাপ প্রয়োগের প্রকৃতি নির্দেশক প্রতীক;

(ঘ) যে স্থানে পরীক্ষা করা হয় সেই পরীক্ষা স্থানের নাম নির্দেশক প্রতীক;

(ঙ) উদস্থিতি (hydrostalic) পরীক্ষা বা উদস্থিতি প্রসারণ পরীক্ষা, যখন যেটি করা হয়, উহার তারিখ;

(চ) কার্যচাপ (working pressure) এবং পরীক্ষণ চাপ (test pressure) ;

(ছ) গ্যাস ভর্তির পূর্বে সিলিণ্ডারের ওজন;

(জ) জল ধারন ক্ষমতা।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত তথ্যাদি সিলিণ্ডারের সহজে দৃশ্যমান কোন অংশে সুস্পষ্ট ও স্থায়ীভাবে লিপিবদ্ধ করিতে হইবে এবং এতদুদ্দেশ্যে সীল লাগান, খোদাই করা বা অন্য কোন উপযুক্ত পদ্ধতি অবলম্বন করা যাইতে পারে ঃ

তবে শর্ত থাকে যে উক্তরূপ কোন পদ্ধতি অবলম্বনের ফলে সিলিণ্ডারের ক্ষতি হওয়ার আশংকা থাকিলে সংশ্লিষ্ট তথ্য ভাল্ভের নীচে সিলিণ্ডারের গলায় একটি ধাতব আংটার উপরে লিপিবদ্ধ করা যাইতে পারে ঃ

আরও শর্ত থাকে যে, সিলিণ্ডার প্রস্তুতকারীর নাম সিলিণ্ডারের তলদেশেও লেখা যাইতে পারে।

৮। ভালভের চিহ্ন।—ভালভে ছাপ মারিয়া, খোদাই করিয়া বা অনুরূপ অন্য কোন পদ্ধতি অবলম্বন করিয়া স্পষ্ট ও স্থায়ীভাবে নিম্নবর্ণিত তথ্যাদি লিপিবদ্ধ করিতে হইবে, যথাঃ—

(ক) যে ষ্ট্যাণ্ডার্ড স্পেসিফিকেশন অনুসারে ভাল্ভ প্রস্তুত করা হইয়াছে উহার নাম ও নম্বর;

(খ) যে স্থানে উহা প্রস্তুত করা হইয়াছে উহার নাম ও প্রস্তুত করার বৎসর;

(গ) প্রস্তুতকারীর প্রতীক বা সংক্ষিপ্ত নাম;

(ঘ) কার্য চাপ;

(ঙ) যে গ্যাসের জন্য ভাল্ভ ব্যবহার করা যাইবে সেই গ্যাসের নাম বা রাসায়নিক প্রতীক;

(চ) ভাল্ভের নির্গমন পথে প্যাঁচ কাটা স্ক্রু কোন দিকে ঘুরাইয়া আঁটা যায় তাহা নির্দেশক চিহ্ন;

(ছ) নিরপেক্ষ পরিদর্শনকারীর নাম বা প্রতীক;

(জ) সিলিণ্ডারের ডিপ পাইপ ( dip pipe) সংযুক্ত থাকিলে সিলিণ্ডার ও ভাল্ভের মধ্যবর্তী স্থানে একটি আলাদা ধাতব আংটায় উক্ত পাইপ সংযুক্তির নির্দেশক চিহ্ন ও পাইপের দৈর্ঘ্য।

৯। চিহ্ন ইত্যাদির তালিকাভুক্তি—সিলিণ্ডারে গ্যাস ভর্তির পূর্বেই; বিধি ৭ ও ৮এ উল্লিখিত প্রতীক, চিহ্ন ও সংক্ষিপ্ত নাম প্রধান পরিদর্শকের নিকট দাখিল করিতে হইবে এবং তিনি এইরূপ চিহ্ন, নাম ও প্রতীকের একটি তালিকা সংরক্ষণ করিবেন।

১০। সনাক্তকরণ রং।—(১) কোন সিলিণ্ডার বৃটিশ ষ্ট্যাণ্ডার্ড স্পেসিফিকেশন নং ৩৪৯ বা ১৩১৯, যাহা প্রযোজ্য হয়, অনুসারে সনাক্তকরণ রংগে না থাকিলে উহাতে গ্যাস ভর্তি করা যাইবে না।

(২) কোন গ্যাস ও গ্যাস মিশ্রনের ক্ষেত্রে উপ-বিধি(১) এ উল্লিখিত সনাক্তকরণ রং প্রযোজ্য না হইলে, সিলিণ্ডারটি নিম্ন টেবিলে উল্লিখিত রংগে রঞ্জিত হইবে ঃ—

টেবিল

| সিলিণ্ডারের ভর্তিযোগ্য গ্যাসের প্রকৃতি। | সিলিণ্ডারের গায়ের রং | সিলিণ্ডারের গলার প্রান্তে অবস্থিতি বন্ধনীর রং। |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| অপ্রজ্বলনীয় ও অবিষাক্ত | সাদা | .. |
| অপ্রজ্বলনীয় কিন্তু বিষাক্ত | সাদা | হলুদ |
| প্রজ্বলনীয় কিন্তু তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস ছাড়া অন্য কোন অবিষাক্ত গ্যাস | সাদা | লাল |
| প্রজ্বলনীয় ও বিষাক্ত | সাদা | লাল ও হলুদ |

(৩) কোন ব্যক্তি এমন কিছু করিবেন না যাহার দ্বারা গ্যাস পূর্ণ কোন সিলিণ্ডারের রং পরিবর্তিত বা নষ্ট হয়ঃ

তবে শর্ত থাকে যে, সিলিণ্ডারের মেরামত কার্য বা উহাতে ভর্তিযোগ্য গ্যাসের প্রকৃতির পরিবর্তনের ফলে উহার রং প্রয়োজন অনুসারে পরিবর্তন করা যাইতে পারে।

১১। সিলিণ্ডারের লেবেল।--(১) প্রত্যেক সিলিণ্ডারে সুস্পষ্টভাবে এবং সিলিণ্ডারের সহজে দৃশ্যমান স্থানে গ্যাস ভর্তিকারী ব্যক্তির নাম, ঠিকানা ও গ্যাসের নাম এবং গ্যাস বিষাক্ত বা প্রজ্বলনীয় কিনা তাহার একটি লেবেল লাগাইতে হইবে।

(২) গ্যাসপূর্ণ সিলিণ্ডারের লেবেলে নিম্নলিখিত সতর্কবাণী লাগাইতে হইবে যেমনঃ—

"সতর্কবাণী"

(ক) সিলিণ্ডারের রং পরিবর্তন করা যাইবে না;

(খ) সিলিণ্ডারের সন্নিকটে কোন প্রজ্বলনীয় পদার্থ মজুদ করা যাইবে না;

(গ) তৈল বা অনুরূপ পিচ্ছিলকারক পদার্থ সিলিণ্ডার-সংলগ্ন যন্ত্রাংশে বা ভাল্ভে ব্যবহার করা যাইবে না;

(ঘ) সিলিণ্ডারে কৃত উদস্থিতি পরীক্ষণ বা উদস্থিতি সম্প্রসারণ পরীক্ষণের পরবর্তী পরীক্ষণ তারিখ অতিক্রান্ত হইয়া থাকিলে ঐ সিলিণ্ডার হস্তান্তর বা গ্রহণ করা যাইবে না।

১২। জোড় বিহীন গ্যাস সিলিণ্ডারের মেরামত নিষিদ্ধ।—কোন ব্যক্তি জোড় বিহীন সিলিণ্ডারের ছিদ্র মেরামত করিবেন না বা করাইবেন না।

১৩। জোড় দেওয়া বা ঝালাই করা সিলিণ্ডারের মেরামত।—(১) জোড় দেওয়া বা ঝালাই করা সিলিণ্ডারের জোড় বা ঝালাইয়ের দাগ ব্যতীত অন্য কোথাও ছিদ্র দেখা দিলে তাহা মেরামত বা ব্যবহার করা যাইবে না।

(২) জোড় দেওয়া বা ঝালাই করা সিলিণ্ডারের জোড় বা ঝালাই স্থানে ফাটল বা গর্ত বা ছিদ্র ধরা পড়িলে উহা মেরামত করা যাইতে পারে, যদি—

(ক) ঘষিয়া, মসৃণ করিয়া, খোদলাইয়া বা অন্য কোন প্রক্রিয়ায় উক্ত ফাটল বা গর্ত দূর করা যায়;

(খ) সনদপ্রাপ্ত ঝালাইকার কর্তৃক নিম্নোক্ত উপায়ে উক্ত গর্ত, ফাটল বা ছিদ্র করা হয়ঃ—

(অ) মূল জোড়-মুখ হাতুড়ী পেটানো হইয়া থাকিলে হাতুড়ী পেটানো;

(আ) মূল জোড় ঝালাই করা থাকিলে ঝালাইকরণ;

(ই) মেরামতের পর সিলিণ্ডারের যথাযথ তাপ-প্রক্রিয়া প্রয়োগ;

(ঈ) সিলিণ্ডার প্রস্তুতের পর যদি উহার রঞ্জন চিত্র গৃহীত হইয়া থাকে, তবে মেরামতের পরে জোড় মুখের রঞ্জন রশ্মি গ্রহণ;

(উ) মেরামত ও তাপ-প্রক্রিয়া প্রয়োগের পর সিলিণ্ডারে উহার প্রস্তুতকালীন সময়ে যে উদস্থিতি পরীক্ষণ বা উদস্থিতি প্রসারণ পরীক্ষণ করা হইয়াছিল সেই পরীক্ষণ।

(৩) কোন সিলিণ্ডার মেরামত করা হইয়া থাকিলে কোন ব্যক্তি উপ-বিধি(৪) এর অধীন প্রদত্ত অনুমতি ব্যতিরেকে উহাতে পুনরায় গ্যাস ভর্তি করিবেন না, উক্ত অনুমতি লাভের জন্য উক্ত ব্যক্তি প্রধান পরিদর্শকের নিকট, মেরামতকারী ও উক্ত মেরামত পরীক্ষণকারী কর্তৃক প্রদত্ত মেরামত ও পরীক্ষণের বিবরণসহ, এই মর্মে একটি প্রত্যয়ন পত্র সংযুক্ত করিবেন যে সিলিণ্ডারটি পুনরায় গ্যাস ভর্তির উপযুক্ত।

(৪) উপ-বিধি (৩) এর দাখিলকৃত পত্রে উল্লিখিত মেরামত ও পরীক্ষণ সম্পর্কে সন্তুষ্ট হইলে প্রধান পরিদর্শক উক্ত সিলিণ্ডারে পুনরায় গ্যাস ভর্তির জন্য লিখিত অনুমতি দিবেন।

(৫) উপ-বিধি (২) এ যাহাই থাকুক না কেন, জোড়যুক্ত এ্যাসিটাইলিন গ্যাস সিলিণ্ডারের জোড়ায় ছিদ্র দেখা দিলে উহা মেরামত করা যাইবে না।

১৪। কতিপয় ব্যক্তির নিয়োগের উপর বাধানিষেধ।—আঠার বৎসরের কম বয়স্ক বা অপ্রকৃতিস্থ কোন ব্যক্তিকে সিলিণ্ডারে গ্যাস ভর্তি, কোন যানে গ্যাসপূর্ণ সিলিণ্ডার বোঝাই বা উহা খালাস বা পরিবহনের কাজে অথবা এই বিধিমালার আওতায় লাইসেন্সকৃত কোন প্রাংগনে নিয়োগ করা যাইবে না।

১৫। সিলিণ্ডার রক্ষণাবেক্ষণ।—(১) এই বিধিমালার বিধানাবলী অনুসারে সিলিণ্ডার, ইহার ভাল্ভ ও আনুসংগিক যন্ত্রাংশ এবং সনাক্তকরণ রং রক্ষণাবেক্ষণ করিতে হইবে।

(২) সিলিণ্ডারের ভাল্ভ বা আনুসংগিক যন্ত্রাংশে কোন তৈল বা ঐ জাতীয় কোন পিচ্ছিলকারী পদার্থ ব্যবহার করা যাইবে না।

(৩) বিধি ১৩ ও ৩৫ (৩)(খ) এর বিধান সাপেক্ষে, কোন সিলিণ্ডারে তাপ প্রয়োগ করা যাইবে না বা উহা রোদে রাখা যাইবে না অথবা কোন প্রজ্বলনীয় বা বিস্ফোরক পদার্থের সাথে মজুদ করা যাইবে না।

(৪) গ্যাসপূর্ণ প্রত্যেক সিলিণ্ডারের ভাল্ভ এইরূপভাবে বন্ধ রাখিতে হইবে যেন কোন গ্যাস বাহির হইতে না পারে। তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস এবং বিষাক্ত গ্যাস পূর্ণ সিলিণ্ডারের ভাল্ভ দিয়া যাহাতে গ্যাস বাহির হইতে না পারে তদুদ্দেশ্যে ভাল্ভের নির্গমন পথে একটি অতিরিক্ত নিরাপত্তা বল্টু লাগান থাকিবে।

১৬। অগ্নিকাণ্ড ও বিস্ফোরণ সৃষ্টিকারী কাজকর্ম নিষিদ্ধ।—যেখানে সিলিণ্ডারে প্রজ্বলনীয় গ্যাস ভর্তি, বা মজুদ, অথবা সিলিণ্ডার নড়াচড়া, বা পরিবহন করা হয় সেখানে কোন ব্যক্তি অগ্নিশিখা সৃষ্টিকারী কোন কাজ করিবেন না বা প্রজ্বলনীয় পদার্থ বা বিস্ফোরণ ঘটাইতে পারে এমন পদার্থ আনিবেন না বা রাখিবেন না।

১৭। যোগ্য ব্যক্তির তত্ত্বাবধানে গ্যাস ভর্তি ইত্যাদি সম্পাদন।—এমন একজন ব্যক্তির তত্ত্বাবধানে সিলিণ্ডারে গ্যাস ভর্তি বা গ্যাসপূর্ণ সিলিণ্ডার মজুদ বা কোন যানে উহা বোঝাই বা খালাসের কাজ সম্পন্ন করিতে হইবে যিনি উক্ত কাজের ব্যাপারে অনুসরণীয় সতর্কতা-মূলক বিধানাবলী সম্পর্কে সম্যক ওয়াকেফহাল।

১৮। সিলিণ্ডার নাড়াচাড়া ইত্যাদি।—(১) নাড়াচাড়া করার সময় সিলিণ্ডারের ভার বহনে সক্ষম এইরূপ পর্যাপ্ত অবলম্বনের ব্যবস্থা করিতে হইবে।

(২) সিলিণ্ডার নাড়াচাড়া বা পরিবহনের সময় লক্ষ্য রাখিতে হইবে যেন উহার পক্ষে ক্ষতিকর কোন আঘাত উহাতে না লাগে।

(৩) তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাসপূর্ণ সিলিণ্ডার বা তরলযোগ্য গ্যাসপূর্ণ সিলিণ্ডার সর্বদা খাড়াভাবে রাখিতে হইবে এবং এমনভাবে স্থাপন করিতে হইবে যেন উহাতে কোনরূপ ধাক্কা না লাগে।

(৪) উপ-বিধি (৩) এ উল্লিখিত সিলিণ্ডার ব্যতীত অন্যান্য সিলিণ্ডার আনুভূমিক অবস্থায় রাখা যাইতে পারে এবং উক্তরূপে রাখা হইলে উহা এমনভাবে স্থাপন করিতে হইবে যেন উহা গড়াইয়া না যায়।

১৯। গ্যাস ভর্তির উপর বাধানিষেধ।—(১) স্থায়ী গ্যাস বা তরলযোগ্য গ্যাস বা বিষাক্ত গ্যাস ভর্তির জন্য জোড়া দেওয়া সিলিণ্ডার ব্যবহার করা যাইবে না।

(২) কোন গ্যাস ভর্তির জন্য যে সিলিণ্ডার একবার ব্যবহার করা হইয়াছে উহাতে প্রধান পরিদর্শকের পূর্বানুমতি ব্যতিরেকে অন্য কোন গ্যাস ভর্তি করা যাইবে না।

(৩) কোন গ্যাস রাসায়নিক ভাবে কোন সিলিণ্ডারের জন্য ক্ষতিকর হইলে উক্ত গ্যাস দ্বারা উক্ত সিলিণ্ডার পূর্ণ করা যাইবে না।

২০। সিলিণ্ডার মজুদ।—(১) চুল্লি, অগ্নিশিখা বা তাপের অন্য যে কোন উৎস হইতে এমন দূরত্ব এবং শুষ্ক, বায়ু চলাচলের পথবিশিষ্ট, আচ্ছাদিত ও সহজগম্য স্থানে গ্যাসপূর্ণ সিলিণ্ডারে মজুদ করিতে হইবে যেন উক্ত স্থান মজুদকৃত সিলিণ্ডারের জন্য ক্ষতিকর তাপের প্রভাবমুক্ত থাকে।

(২) মজুদাগার অদাহ্য পদার্থ দ্বারা তৈরী হইতে হইবে।

(৩) আনুভূমিক অবস্থায় রাখা কোন তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস-সিলিণ্ডার বা দ্রবীভূত গ্যাস-সিলিণ্ডারের উপর আনুভূমিক অবস্থার অনুরূপ অন্য কোন সিলিণ্ডার রাখা চলিবে না।

(৪) প্রজ্বলনীয় গ্যাসপূর্ণ সিলিণ্ডার ও বিষাক্ত গ্যাসপূর্ণ সিলিণ্ডার পরস্পর পৃথকভাবে এবং অন্যান্য গ্যাসপূর্ণ সিলিণ্ডার হইতে দূরে রাখিতে হইবে বা দেওয়াল দ্বারা বিচ্ছিন্ন অবস্থায় রাখিতে হইবে।

(৫) সিলিণ্ডার এমন অবস্থায় মজুদ করা যাইবে না যাহাতে উহা ক্ষয়প্রাপ্ত হইতে পারে।

(৬) কোন দাহ্য পদার্থের সাথে গ্যাসপূর্ণ সিলিণ্ডার একত্রে মজুদ করা যাইবে না।

(৭) শূন্য সিলিণ্ডার গ্যাসপূর্ণ সিলিণ্ডার হইতে পৃথকভাবে রাখিতে হইবে এবং উভয়ের ভাল্ভ দৃঢ়ভাবে বন্ধ রাখিতে হইবে।

২১। বৈদ্যুতিক সংযোগ ও সরঞ্জাম।—প্রজ্বলনীয় গ্যাস সিলিণ্ডার ভর্তির স্থানে বা উক্ত গ্যাসপূর্ণ সিলিণ্ডার মজুদের স্থানে ব্যবহার্য সকল বৈদ্যুতিক মিটার, বিতরণ বোর্ড, সুইচ, ফিউজ, প্লাগ, সকেট, বৈদ্যুতিক বাতি ও মটর ব্রিটিশ স্ট্যাণ্ডার্ড স্পেসিফিকেশন নং ২২৯ এবং ৫২২৪ বা প্রধান পরিদর্শক কর্তৃক অনুমোদিত অন্য স্পেসিফিকেশন অনুসারে নির্মিত ও স্থাপিত হইবে।

২২। গ্যাসের বিশুদ্ধতা।—(১) সিলিণ্ডারে যে গ্যাস ভর্তি করা হইবে উহাতে এমন কোন পদার্থ থাকিবে না যাহা সিলিণ্ডারকে ক্ষয় করিতে পারে বা উহার সাথে মিশিয়া বিস্ফোরক পদার্থ গঠন করিতে পারে বা গ্যাসের রাসায়নিক পরিবর্তন ঘটাইতে পারে।

(২) উক্ত গ্যাস যথাসম্ভব জলীয় বাষ্পমুক্ত থাকিবে এবং কোন জলীয়বাষ্প থাকিলে যেন উহাকে ০° সেঃ তাপে শীতল করা হইলে জলীয় অংশ পৃথক না হয়।

(৩) সিলিণ্ডারে কার্বন মনক্সাইড, কোন গ্যাস, হাইড্রোজেন বা মিথেন ভর্তি করার পূর্বে উক্ত গ্যাসকে হাইড্রোজেন সালফাইড বা অন্যান্য গন্ধক জাতীয় পদার্থ হইতে যতদূর সম্ভব মুক্ত করিতে হইবে এবং সাধারণ তাপ ও চাপে, উক্ত গ্যাসের আর্দ্রতা হইবে প্রতি ঘন মিটারে ০.০২ গ্রাম অপেক্ষা কম।

২৩। আগুনের সংস্পর্শে আসা সিলিণ্ডার ব্যবহারে বাধা নিষেধ।—(১) উপবিধি (২) এর বিধান সাপেক্ষে কোন সিলিণ্ডার আগুনের সংস্পর্শে আসিয়া থাকিলে উদস্থিতি পরীক্ষণ বা উদস্থিতি প্রসারণ পরীক্ষণসহ অন্যান্য প্রয়োজনীয় পরীক্ষণ সম্পন্ন না করা পর্যন্ত উহা ব্যবহার করা যাইবে না।

(২) দ্রবীভূত এ্যাসিটাইলিন সিলিণ্ডার আগুনের সংস্পর্শে আসিয়া থাকিলে উহা ব্যবহার করা যাইবে না এবং অভিজ্ঞ বা প্রশিক্ষণপ্রাপ্ত ব্যক্তি দ্বারা উহা নষ্ট করিয়া ফেলিতে হইবে।

২৪। প্রয়োজনীয় ক্ষেত্রে পুনঃ পরীক্ষণ ব্যতীত সিলিণ্ডার ব্যবহার নিষিদ্ধ।—কোন সিলিণ্ডার পরীক্ষণের জন্য নির্ধারিত সময় অতিক্রান্ত হইয়া থাকিলে পুনঃ পরীক্ষিত না হওয়া পর্যন্ত উহাতে গ্যাস ভর্তি বা উহা হস্তান্তর করা যাইবে না।

২৫। সিলিণ্ডারের মালিক কর্তৃক সংরক্ষণীয় রেকর্ড।—গৃহস্থালীর কাজে ব্যবহার্য সিলিণ্ডারের মালিক ব্যতীত অন্যান্য সিলিণ্ডারের মালিক, তাহার মালিকানাধীন প্রতিটি সিলিণ্ডারের জন্য উহা যতদিন কার্যোপযোগী থাকে ততদিন, নিম্নবর্ণিত তথ্যাদি সম্বলিত একটি রেকর্ড সংরক্ষণ করিবেন :—

(ক) সিলিণ্ডার নির্মাণকারীর নাম ও সিলিণ্ডারের নম্বর;

(খ) যে স্ট্যাণ্ডার্ড স্পেসিফিকেশন অনুসারে সিলিণ্ডার নির্মান করা হইয়াছে তাহার নাম ও নম্বর;

(গ) প্রথম উদস্থিতি পরীক্ষণ বা উদস্থিতি প্রসারণ পরীক্ষণের তারিখ;

(ঘ) সিলিণ্ডার নির্মাণকারীর পরীক্ষণ ও পরিদর্শন সনদ;

(ঙ) প্রযোজ্য ক্ষেত্রে প্রধান পরিদর্শক কর্তৃক মঞ্জুরকৃত অনুমোদন পত্রের নম্বর ও তারিখ।

২৬। সিলিণ্ডার হস্তান্তরের বিধি নিষেধ।—(১) কোন ব্যক্তি লাইসেন্সধারী ব্যক্তি বা তাহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি ব্যতীত অন্য কাহাকেও লাইসেন্স প্রয়োজন এমন পরিমাণ গ্যাসপূর্ণ সিলিণ্ডার হস্তান্তর করিবেন না।

(২) কোন লাইসেন্সধারীকে তাহার লাইসেন্সে উল্লেখিত ধরণের গ্যাস ব্যতীত অন্য কোন গ্যাস ও উহাতে উল্লিখিত পরিমাণের অতিরিক্ত গ্যাস তাহাকে সরবরাহ করা যাইবে না।

## তৃতীয় পরিচ্ছেদ

## সিলিণ্ডার আমদানী

২৭। লাইসেন্স ব্যতীত সিলিণ্ডার আমদানী নিষিদ্ধ।—কোন ব্যক্তি বিনা লাইসেন্সে গ্যাসপূর্ণ বা খালি সিলিণ্ডার আমদানী করিতে পারিবেন না।

## চতুর্থ পরিচ্ছেদ

## সিলিণ্ডার পরিবহন

২৮। সিলিণ্ডার পরিবহনে বিধি নিষেধ।—(১) গ্যাসপূর্ণ সিলিণ্ডার কোন দ্বিচক্রযানে পরিবহন করা যাইবে না।

(২) কোন যানে সিলিণ্ডার পরিবহনের ক্ষেত্রে সিলিণ্ডারের কোন অংশ উক্ত যানের বাহিরে থাকা চলিবে না।

(৩) যানের যে অংশে সিলিণ্ডার রাখা হয় সে অংশে কোন ধারাল বস্তু থাকিবে না।

(৪) সিলিণ্ডার যাহাতে যানের বাহিরে পড়িয়া না যায় বা যান চলাকালে সিলিণ্ডার আঘাতপ্রাপ্ত হইয়া ক্ষতিগ্রস্ত না হয় তদুদ্দেশ্যে সিলিণ্ডারকে উক্ত যানে সতর্কতার সহিত স্থাপন ও প্রয়োজনীয় অন্যান্য ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

(৫) গ্যাসপূর্ণ সিলিণ্ডার অন্য কোন প্রজ্বলনীয় বা সিলিণ্ডার ক্ষয়কারী পদার্থের সহিত একত্রে বহন করা যাইবে না।

(৬) প্রজ্বলনীয় গ্যাসপূর্ণ সিলিণ্ডার অন্য কোন গ্যাসপূর্ণ সিলিণ্ডারের সহিত একত্রে পরিবহন করা যাইবে না।

(৭) বিষাক্ত বা ক্ষয়কারী গ্যাসপূর্ণ সিলিণ্ডার খাদ্য দ্রব্যের সহিত একত্রে পরিবহন করা যাইবে না।

২৯। সিলিণ্ডার বোঝাই ও খালাসের উপর বিধিনিষেধ।—(১) কোন সিলিণ্ডার বোঝাই বা খালাস করার জন্য চুম্বক ব্যবহার করা যাইবে না।

(২) ক্রেন বা ফর্ক লিফট-ট্রাক দ্বারা সিলিণ্ডার বোঝাই বা বা খালাস করা হইলে শিকল বা তারের দড়ির সাথে উপযুক্ত দোলনা ব্যবহার করিতে হইবে।

৩০। পরিবহনকালে ভাল্ভ রক্ষা।—(১) সিলিণ্ডারের পরিবহন কালে যদি ইহা কোন বাক্সে প্যাকিং করা না হয় তাহা হইলে ভালভের নিরাপত্তা বিধানকল্পে বিধি (২) ও (৩) এ বর্ণিত বিধান অনুসরণ করিতে হইবে।

(২) সিলিণ্ডারের ভাল্ভ যদি সিলিণ্ডারে এমনভাবে সংযুক্ত থাকে যে সিলিণ্ডার পরিবহন-কালে ভাল্ভের উপর কোন বহির্চাপ পড়িতে পারে তাহা হইলে ধাতব টুপি, ধাতব আবরণ বা ধাতব আংটি বা ঝাজরির সাহায্যে ভাল্ভটিকে এমনভাবে রক্ষার ব্যবস্থা করিতে হইবে যেন উক্ত টুপি, আবরণ, আংটি বা ঝাজড়ি ভাল্ভের সংস্পর্শে না আসে।

(৩) সিলিণ্ডারের ভাল্ভ রক্ষার উদ্দেশ্যে উপ-বিধি (২) অনুসারে ধাতব টুপি বা ধাতব আবরণ ব্যবহার করা হইলে, হাইড্রোজেন সায়েনাইড, ফসজেন, সাইনোজেন ক্লোরাইড বা অনুরূপ বিষাক্ত গ্যাসপূর্ণ সিলিণ্ডার ছাড়া অন্যান্য গ্যাসপূর্ণ সিলিণ্ডারের ক্ষেত্রে, উক্ত টুপি বা আবরণে একটি বায়ু নির্গমন পথ থাকিতে হইবে যাহাতে টুপি বা আবরণের মধ্যে গ্যাসের চাপ সৃষ্টি হইতে না পারে; এবং হাইড্রোজেন সায়েনাইড, ফসজেন, সাইনোজেন, সাইনোজেন ক্লোরাইড বা অনুরূপ বিষাক্ত গ্যাসপূর্ণ সিলিণ্ডারের ক্ষেত্রে গ্যাস রোধী (Gas tight) ধাতব টুপি বা আবরণ ব্যবহার করিতে হইবে।

(৪) উপ-বিধি (১), (২) ও (৩) এর বিধানসমূহ চিকিৎসার উদ্দেশ্যে ব্যবহার্য্য অনধিক ৫ লিটার জলধারণ ক্ষমতা সম্পন্ন সিলিণ্ডারের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না।

৩১। ছিদ্রযুক্ত সিলিণ্ডার।—(১) কোন ব্যক্তি ছিদ্রযুক্ত গ্যাসপূর্ণ সিলিণ্ডার পরিবহনকারীর নিকট সরবরাহ করিবেন না।

(২) প্রজ্বলনীয় বা বিষাক্ত গ্যাসপূর্ণ সিলিণ্ডার পরিবহনের সময় উহাতে ছিদ্র পরিলক্ষিত হইলে, সিলিণ্ডারটি তাৎক্ষণিকভাবে আগুনের উৎস হইতে দূরে কোন ফাঁকা জায়গায় অপসারণ করিতে হইবে এবং পরিবহনের দায়িত্বে নিয়োজিত ব্যক্তি প্রয়োজনীয় পরামর্শের জন্য সংগে সংগে অবস্থা বিশেষে গ্যাস পূরণকারী বা সিলিণ্ডারের মালিককে বিষয়টি অবহিত করিবেন; এবং উক্তরূপ সংবাদ পাওয়ার সংগে সংগে উক্ত পূরণকারী বা মালিক প্রয়োজনীয় নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করিবেন।

## পঞ্চম পরিচ্ছেদ

## সিলিণ্ডার পর্যবেক্ষণ ও পরীক্ষণ

৩২। সিলিণ্ডারের পর্যাবৃত্ত পর্যবেক্ষণ, পরীক্ষণ।—(১) সিলিণ্ডারের গঠন ও ইহাতে ভর্তিযোগ্য গ্যাসের প্রকৃতি ভেদে প্রধান পরিদর্শক, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, নির্ধারণ করিয়া দিবেন যে কতদিন অন্তর কোন সিলিণ্ডারে কি ধরণের পরীক্ষণ ও পর্যবেক্ষণের প্রয়োজন হইবে এবং পরীক্ষণ চাপের মাত্রা কত হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন নির্ধারিত সময়ের মধ্যে পরীক্ষিত না হইলে কোন সিলিণ্ডারে গ্যাস ভর্তি করা যাইবে না।

৩৩। সিলিণ্ডার পরীক্ষণ কেন্দ্রের অনুমোদন।—(১) প্রধান পরিদর্শক কর্তৃক অনুমোদিত পরীক্ষণ কেন্দ্র ব্যতীত অন্য কোন স্থানে সিলিণ্ডার পরীক্ষা করা বা করানো যাইবে না।

(২) সিলিণ্ডার পরীক্ষণ কেন্দ্রের জন্য অনুমোদন লাভে ইচ্ছুক ব্যক্তি প্রধান পরিদর্শকের নিকট পরীক্ষণ কেন্দ্রের স্থান উল্লেখপূর্বক দরখাস্ত করিবেন এবং উক্ত স্থানে তফসিল-৩ এ উল্লেখিত সুবিধাদি থাকিলে প্রধান পরিদর্শক দরখাস্তকারীকে এতদুদ্দেশ্যে একটি লিখিত অনুমোদন পত্র প্রদান করিবেন।

৩৪। সিলিণ্ডার পরীক্ষণ ও পর্যবেক্ষণ—(১) সিলিণ্ডার পরীক্ষার উদ্দেশ্যে উহাতে যে গ্যাস ভর্তি ছিল প্রথমে তাহা সম্পূর্ণভাবে বাহির করিয়া দিতে হইবে; এবং এইরূপ গ্যাস

হইতে কোন উৎপাত, দুর্গন্ধ, বিষক্রিয়া বা দুর্ঘটনা সৃষ্টি হওয়ার সম্ভাবনা থাকিলে উহা রোধ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

(২) এই বিধির অধীন পরীক্ষণ ছাড়াও কোন সিলিণ্ডারের দৃশ্যতঃ কোন ত্রুটি আছে কিনা এবং থাকিলে উহা বিপজ্জনক কি না তাহা পর্যবেক্ষণ করিতে হইবে, এবং সিলিণ্ডারটি ওজন করিয়া দেখিতে হইবে যে উহার ওজন মূল ওজনের শতকরা ৫ ভাগের বেশী হ্রাস পাইয়াছে কি না; সিলিণ্ডারটিতে দৃশ্যতঃ কোন বিপজ্জনক ত্রুটি ধরা পড়িলে বা উহার ওজন উক্তরূপে হ্রাস পাইয়া থাকিলে সিলিণ্ডারটি আর ব্যবহার করা যাইবে না।

(৩) উদস্থিতি পরীক্ষণ বা উদস্থিতি প্রসারণ পরীক্ষণ করার পূর্বে প্রতিটি সিলিণ্ডার বাষ্পদ্বারা বা যথাযথ দ্রাবক দ্বারা ধৌত করতঃ সম্পূর্ণরূপে পরিষ্কার করিতে হইবে; তাছাড়া সিলিণ্ডারের অভ্যন্তরভাগে মরিচা বা অন্য কোন অবাঞ্ছিত পদার্থ সিলিণ্ডারের গায়ে যুক্ত থাকিলে উহা নিম্নবর্ণিত যে কোন প্রণালীতে পরিষ্কার করিতে হইবে, যথাঃ—

(ক) প্রধান পরিদর্শক কর্তৃক অনুমোদিত ধরণের বিস্ফোরণ ও তারের ব্রাশ প্রয়োগ;

(খ) অনধিক এক ঘন্টাব্যাপী অনধিক ৩০০° সেঃ তাপ মাত্রা সম্পন্ন চুল্লিতে সিলিণ্ডারটি দগ্ধ করার পর উক্ত মরিচা বা পদার্থ বাষ্প বা যথাযথ দ্রাবক দ্বারা ধৌতকরণ।

(৪) উপ-বিধি (১) ও (৩) এ বিধৃত পদ্ধতিতে সিলিণ্ডার পরিষ্কার করার পর বৃটিশ স্ট্যাণ্ডার্ড ইনস্টিটিউশনের প্রাসংগিক কোড অব প্র্যাকটিস অনুসারে সিলিণ্ডারের বহির্ভাগ ও অভ্যন্তরভাগ চাক্ষুষভাবে পরীক্ষা করিতে হইবে।

(৫) উপ-বিধি (৪) এ বিধৃত পরীক্ষার পর সিলিণ্ডারে বিধি ৩৩ এর অধীন নির্ধারিত উদস্থিতি পরীক্ষণ বা উদস্থিতি প্রসারণ পরীক্ষণ করিতে হইবে।

(৬) উদস্থিতি পরীক্ষণ বা উদস্থিতি প্রসারণ পরীক্ষণ বৃটিশ স্ট্যাণ্ডার্ড স্পেসিফিকেশন ৫৪৩০ অনুসারে করিতে হইবে এবং অন্যূন ৩০ সেকেণ্ড সময়ব্যাপী সিলিণ্ডারে প্রযুক্ত পরীক্ষাচাপ অব্যাহত রাখিতে হইবে।

(৭) উদস্থিতি প্রসারণ পরীক্ষণের ক্ষেত্রে, পরীক্ষা-চাপ প্রয়োগের ফলে সিলিণ্ডারের স্থায়ী প্রসারণ নিম্নলিখিত সীমারেখা অতিক্রম করিবে নাঃ—

| | |
|---|---|
| (ক) ক্ষয়কারী (করোসিভ) নহে এমন গ্যাসের জন্য ২০ লিটারের কম জলধারণ ক্ষমতাবিশিষ্ট সিলিণ্ডারের ক্ষেত্রে | পরীক্ষাকালীন সংঘটিত মোট প্রসারণের ১০%; |
| (খ) অন্যান্য ক্ষেত্রে | পরীক্ষাকালীন সংঘটিত মোট প্রসারণের ১০% বা সিলিণ্ডারের মূল আয়তনের ১/৫০০০ ভাগ, এই দুইয়ের মধ্যে যেটি কম। |

(৮) উপ-বিধি (৭) এ উল্লিখিত পরীক্ষায় কোন সিলিণ্ডার প্রসারণ উক্ত উপ-বিধিতে নির্ধারিত সীমারেখা অতিক্রম করিলে সিলিণ্ডারটি ব্যবহার করা যাইবে না।

(৯) উদস্থিতি পরীক্ষণের ক্ষেত্রে, পরীক্ষা চাপ প্রযুক্ত থাকাকালে উক্ত চাপ হ্রাস পাইলে, বা সিলিণ্ডারে ছিদ্র দৃষ্ট হইলে বা সিলিণ্ডারের আকৃতির বিকৃতি ঘটিলে সিলিণ্ডারটি ব্যবহার করা যাইবে না।

(১০) এই বিধির অধীন কৃত পরীক্ষা সম্পাদনান্তে সিলিণ্ডারের অভ্যন্তরভাগ সম্পূর্ণরূপ শুষ্ক করিতে হইবে।

৩৫। ব্যবহার অনুপযোগী সিলিণ্ডার বিনষ্টকরণ ইত্যাদি।—(১) কোন সিলিণ্ডার গ্যাস উৎপাদন ব্যবহৃত হইয়া থাকিলে উহা বিধি ৩৩ এর অধীন কৃত পর্যবেক্ষণ বা পরীক্ষণে ব্যবহার অনুপযোগী বলিয়া নির্ধারিত হইলে সিলিণ্ডারটিকে এইরূপে খণ্ড খণ্ড করিয়া প্রতিটি খণ্ড চ্যাপ্টা বা বিকৃত বা রূপান্তরিত করিতে হইবে যেন উক্ত খণ্ডগুলি ঝালাই বা অন্য কোনভাবে পরস্পর যুক্ত করিয়া একটি নূতন সিলিণ্ডার প্রস্তুত করা না যায়।

(২) কোন সিলিণ্ডার উপ-বিধি (১) এর অধীনে বিনষ্ট করা হইলে বিনষ্ট করার বিষয়টি বিধি ২৫ এর অধীন সংরক্ষণীয় রেকর্ডে লিপিবদ্ধ করিতে হইবে এবং বিনষ্ট করার পর এক বৎসরকাল নথিটি সংরক্ষণ করিতে হইবে; বিনষ্টকৃত সিলিণ্ডারের বিবরণ প্রতিবৎসর জানুয়ারী, মে ও সেপ্টেম্বর মাসের পহেলা তারিখে বা তৎপূর্বে লিখিতভাবে প্রধান পরিদর্শকের নিকট প্রেরণ করিতে হইবে।

৩৬। পরীক্ষা ইত্যাদির রেকর্ড।—সিলিণ্ডার পর্যবেক্ষণকারী ও পরীক্ষণকারী নিম্নবর্ণিত তথ্যাদি সম্বলিত রেকর্ড সংরক্ষণ করিবেন, যথাঃ—

(ক) সিলিণ্ডার নির্মাতা ও মালিকের নাম;

(খ) সিলিণ্ডারের নম্বর;

(গ) যে ষ্ট্যাণ্ডার্ড স্পেসিফিকেশন অনুসারে সিলিণ্ডার তৈরী হইয়াছে;

(ঘ) পূর্ববর্তী উদস্থিতি বা উদস্থিতি প্রসারণ পরীক্ষণের তারিখ;

(ঙ) পরীক্ষা চাপ;

(চ) সিলিণ্ডারের সর্বোচ্চ কার্যচাপ;

(ছ) জলধারণ ক্ষমতা;

(জ) টেয়ার ওজন;

(ঝ) সিলিণ্ডারের চিহ্নিত টেয়ার ওজন ও পরীক্ষায় প্রাপ্ত টেয়ার ওজনের মধ্যে পার্থক্য (যদি থাকে);

(ঞ) সিলিণ্ডারের দৃশ্যমান অবস্থা;

(ট) ভর্তিযোগ্য গ্যাসের নাম;

(ঠ) সংযুক্ত ভালভের প্রকার; এবং

(ড) মন্তব্য (যদি থাকে)।

## ষষ্ঠ পরিচ্ছেদ

## দ্রবীভূত এ্যাসিটাইলিন গ্যাস সিলিণ্ডার

৩৭। দ্রবীভূত এ্যাসিটাইলিন সিলিণ্ডারের জন্য বিশেষ বিধান।—(১) এই বিধিমালার অন্য কোন বিধানে যাহাই থাকুক না কেন, কোন সিলিণ্ডারে দ্রবীভূত এ্যাসিটাইলিন ভর্তি করিতে হইলে নিম্নবর্ণিত শর্তাবলী পূরণ করিতে হইবে, যথাঃ—

(ক) কোন ছিদ্রময় পদার্থে (porous mass) এ্যাসিটাইলিন দ্রবীভূত করা হইলে উক্ত পদার্থ সিলিণ্ডারটি এইরূপে ভর্তি করিতে হইবে যেন সিলিণ্ডারে কোন ফাঁকা জায়গা না থাকে;

(খ) উক্ত পদার্থের ছিদ্রময়তা ৭৫% হইতে ৯২% এর মধ্যে সীমিত থাকিবে;

(গ) ব্যবহার্য্য দ্রাবকটি এ্যাসিটাইলিন গ্যাস বা উক্ত ছিদ্রময় পদার্থ বা সিলিণ্ডারের ধাতুর সহিত রাসায়নিক বিক্রিয়া ঘটাইবে না;

(ঘ) দ্রাবকরূপে এ্যাসিটোন ব্যবহৃত হইলে, উহা বৃটিশ ষ্ট্যাণ্ডার্ড স্পেসিফিকেশন নং ৫০৯ এর শর্তসমূহ পূরণ করিবে;

(ঙ) সিলিণ্ডারের ভাল্ভের উপাদানে শতকরা ৭০ ভাগের বেশী তামা থাকিবে না;

(চ) ১৫০° সেঃ তাপমাত্রায় সিলিণ্ডারে চাপ প্রতি বর্গসেন্টিমিটারে ১৬ কিলোগ্রাম অতিক্রম করিবে না;

(ছ) সিলিণ্ডারে উক্ত পদার্থ ভর্তি করার পূর্বে প্রতি বর্গসেন্টিমিটারে অন্যূন ৬০ কিলোগ্রাম উদস্থিতি চাপে সিলিণ্ডারটি পরীক্ষা করিতে হইবে;

(জ) সিলিণ্ডারে উক্ত ছিদ্রময় পদার্থ ভর্তির পূর্বে প্রয়োজনীয় উদস্থিতি প্রসারণ পরীক্ষণের ফলে সংঘটিত স্থায়ী সম্প্রসারণ উক্ত পরীক্ষাকালে সংঘটিত মোট প্রসারণের ৭½% এর বেশী হইবে না;

(ঝ) সিলিণ্ডারে সেফটি রিলিফ ব্যবস্থা যুক্ত থাকিলে উক্ত ব্যবস্থা প্রতি বর্গ সেন্টিমিটারে ৫৩ কিলোগ্রাম চাপে কাজ করিবার মত উপযুক্ত হইবে;

(ঞ) উক্ত সিলিণ্ডারে, বিধি ৭এর উপ-বিধি (১) এ উল্লিখিত তথ্যাদি ছাড়াও উক্ত বিধিতে বর্ণিত পদ্ধতিতে ছিদ্রময় পদাথ পূরণের তারিখ ও উক্ত পদার্থের নাম বা উহা সনাক্তকরণ প্রতীক লিপিবদ্ধ করিতে হইবে।

(২) কোন সিলিণ্ডারে একবার দ্রবীভূত এ্যাসিটিলিন ভর্তি করার পর উহাতে পুনরায় এ্যাসিটিলিন গ্যাস ভর্তির ক্ষেত্রে, সংশ্লিষ্ট ছিদ্রময় পদার্থ ভর্তি বা পরীক্ষণের তারিখ দুই বৎসরের বেশী হইয়া থাকিলে, উক্ত পদার্থ উপ-বিধি (১) এ উল্লিখিত শর্তসমূহ পূরণ করে কিনা তাহা যাচাই করিতে হইবে এবং উক্ত শর্তসমূহ পূরণ না করিলে উক্ত সিলিণ্ডারে এ্যাসিটিলিন গ্যাস ভর্তি করা যাইবে না।

৩৮। সিলিণ্ডারে দ্রবীভূত এ্যাসিটিলিন পূরণে বিধি-নিষেধ।—কোন ব্যক্তি কোন সিলিণ্ডারে এ্যাসিটাইলিন পূরণ করিবেন না যতক্ষণ পর্যন্ত তিনি নিশ্চিত হন যে সিলিণ্ডারটি এই বিধিমালার প্রাসংগিক শর্তসমূহ পূরণ করে।

## সপ্তম পরিচ্ছেদ

## সিলিণ্ডারে গ্যাস ভর্তি ও গ্যাসপূর্ণ সিলিণ্ডার অধিকারে রাখা

৩৯। লাইসেন্স ব্যতীত সিলিণ্ডারে গ্যাস ভর্তি ইত্যাদি নিষিদ্ধ।—বিধি ৪২ এর বিধান সাপেক্ষে, কোন ব্যক্তি বিনা লাইসেন্সে সিলিণ্ডারে গ্যাস ভর্তি করিতে পারিবেন না অথবা গ্যাসপূর্ণ কোন সিলিণ্ডার তাহার অধিকারে রাখিতে পারিবেন না।

৪০। কতিপয় ক্ষেত্রে লাইসেন্স ইত্যাদি প্রদর্শনের ব্যবস্থা।—(১) সিলিণ্ডারে গ্যাস ভর্তি করার জন্য বা গ্যাসপূর্ণ সিলিণ্ডার অধিকারে রাখার জন্য লাইসেন্সকৃত প্রাংগনের কোন সহজে দৃশ্যমান স্থানে সংশ্লিষ্ট লাইসেন্স বা উহার অনুলিপি এবং বিধি ১৫ হইতে ২৩ এর বিধানাবলীর অনুলিপি সংশ্লিষ্ট ব্যক্তিগণের জ্ঞাতার্থে সর্বদা ঝুলাইয়া রাখিতে হইবে।

৪১। কতিপয় ক্ষেত্রে সিলিণ্ডারে গ্যাস ভর্তি ইত্যাদিতে লাইসেন্স অপ্রয়োজনীয়।—নিম্নবর্ণিত ক্ষেত্রে বিধি ৪০ এ উল্লিখিত লাইসেন্স প্রয়োজন হইবে না, যথাঃ—

(ক) গবেষণা বা পরীক্ষা-নিরীক্ষা বা শ্বাসক্রিয়ায় সহায়তার উদ্দেশ্যে এক সিলিণ্ডার হইতে অন্য সিলিণ্ডারে গ্যাস ভর্তিকরণ;

(খ) এই বিধিমালার বিধান অনুসারে পরিবহনের উদ্দেশ্যে পরিবহনকারী বা তাহার প্রতিনিধি কর্তৃক গ্যাসপূর্ণ সিলিণ্ডার অধিকারে রাখা;

(গ) নিম্নোক্ত যে কোন প্রকার ও পরিমাণের গ্যাসপূর্ণ সিলিণ্ডার অধিকারে রাখাঃ—

(অ) তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাসের ক্ষেত্রে, অনধিক ১০০ কিলোগ্রাম গ্যাস;

(আ) উপ-দফা (অ)তে উল্লিখিত গ্যাস ব্যতীত অন্য কোন প্রজ্বলনীয় কিন্তু অবিষাক্ত গ্যাসের ক্ষেত্রে, অনধিক ১০০ কিলোগ্রাম যাহা অনধিক ১০টি সিলিণ্ডারে রাখা যাইতে পারে;

(ই) এমোনিয়া গ্যাসের ক্ষেত্রে, অনধিক ১২টি গ্যাসপূর্ণ সিলিণ্ডার;

(ঈ) প্রজ্বলনীয় নয় এবং বিষাক্তও নয় এইরূপ গ্যাসের ক্ষেত্রে, অনধিক ২০টি গ্যাসপূর্ণ সিলিণ্ডার;

(উ) যে কোন বিষাক্ত গ্যাসের ক্ষেত্রে, অনধিক ৫টি গ্যাসপূর্ণ সিলিণ্ডার;

(ঊ) দ্রবীভূত এ্যাসিটাইলিন গ্যাসের ক্ষেত্রে, ১০টি গ্যাসপূর্ণ সিলিণ্ডার।

৪২। কার্যচাপ ও পূরণ অনুপাত।—(১) কোন সিলিণ্ডার স্থায়ী গ্যাস দ্বারা পূর্ণ করা হইলে উক্ত সিলিণ্ডারে পূরণ-কৃত গ্যাসের কার্যচাপ সিলিণ্ডারটির পরীক্ষা চাপের দুই-তৃতীয়াংশের বেশী হওয়া চলিবে না।

(২) কোন সিলিণ্ডারে তরলযোগ্য গ্যাস ভর্তির ক্ষেত্রে, বৃটিশ ষ্ট্যাণ্ডার্ড স্পেসিফিকেশন নং ৫৩৫৫ এ বর্ণিত পূরণ অনুপাত প্রযোজ্য হইবে।

## অষ্টম পরিচ্ছেদ

## লাইসেন্স

৪৩। লাইসেন্সের দরখাস্ত ইত্যাদি।—(১) লাইসেন্স পাইতে ইচ্ছুক প্রত্যেক ব্যক্তি, এই বিধির অন্যান্য বিধান সাপেক্ষে তফসিল ৪ এ উল্লেখিত লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের নিকট নিম্নবর্ণিত ফরমে দরখাস্ত করিবেন, যথাঃ—

(ক) সিলিণ্ডার আমদানীর লাইসেন্সের জন্য 'খ' ফরমে।

(খ) সিলিণ্ডারে গ্যাস ভর্তি বা গ্যাসপূর্ণ সিলিণ্ডার অধিকারে রাখার লাইসেন্সের জন্য 'গ' ফরমে।

(২) প্রতিটি দরখাস্তের সহিত তফসিল-৩ এ বর্ণিত ফিস "৬৫—কর ব্যতীত বিবিধ প্রাপ্তি, বিস্ফোরক বিভাগ" খাতে ট্রেজারী চালানের মাধ্যমে সরকারী ট্রেজারীতে জমা দিয়া উক্ত চালানের মূল কপি দাখিল করিতে হইবে।

(৩) সিলিণ্ডারে গ্যাস ভর্তি করার জন্য বা গ্যাসপূর্ণ সিলিণ্ডার অধিকারে রাখার জন্য লাইসেন্স পাইতে ইচ্ছুক প্রত্যেক ব্যক্তি উপ-বিধি (১) এ উল্লিখিত দরখাস্তের সহিত নিম্নবর্ণিত তথ্যাদি সম্বলিত নকশার তিনটি অনুলিপি দাখিল করিবেনঃ—

(ক) প্রস্তাবিত প্রাংগনের পারিপার্শ্বিক চিত্রসহ অবস্থান ও নির্মাণ পরিকল্পনার চিত্র;

(খ) উক্ত প্রাংগণ ও উহাতে অবস্থিত সুবিধাদির নিরাপত্তা বিধানের জন্য এই বিধিমালার প্রযোজ্য বিধানাবলী পালনের পরিকল্পনা।

(৪) কোন ক্ষেত্রে প্রধান পরিদর্শক ব্যতীত অন্য কোন কর্মকর্তা লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ হইলে, লাইসেন্স প্রদানের পুর্বে উপ-বিধি (৩) এ উল্লিখিত নকশা প্রধান পরিদর্শক কর্তৃক অনুমোদিত হইতে হইবে।

(৫) উপ-বিধি (১) এর অধীন দাখিলকৃত দরখাস্ত বিবেচনান্তে উহা অনুমোদনযোগ্য মনে করিলে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ নিম্নবর্ণিত ফরমে লাইসেন্স প্রদান করিবেন, যথাঃ—

(ক) সিলিণ্ডার আমদানীর জন্য 'ঘ' ফরমে;

(খ) সিলিণ্ডারে গ্যাস ভর্তির জন্য 'ঙ' ফরমে;

(গ) গ্যাস পুর্ণ সিলিণ্ডার অধিকারে রাখার জন্য 'চ' ফরমে।

৪৪। লাইসেন্সের মেয়াদ।—(১) সিলিণ্ডার আমদানীর লাইসেন্সের মেয়াদ হইবে সর্বোচ্চ এক বৎসর।

(২) সিলিণ্ডারে গ্যাস ভর্তি বা গ্যাস পূর্ণ সিলিণ্ডার অধিকার রাখার জন্য প্রদত্ত লাইসেন্স উহা যে পঞ্জিকা বৎসরে প্রদান করা হয় সেই বৎসরের ৩১শে ডিসেম্বর পর্যন্ত বহাল থাকিবে।

৪৫। প্রদত্ত লাইসেন্স সম্পর্কে রেকর্ড সংরক্ষণ।—বিধি ৪৪ এর অধীন প্রদত্ত লাইসেন্স ও ক্ষেত্রবিশেষে অনুমোদিত নকশার একটি করিয়া অনুলিপি লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করিবে এবং একটি রেজিস্টারে সংক্ষেপে উহাদের বিবরণ লিপিবদ্ধ করিয়া রাখিবে।

৪৬। লাইসেন্স লিপিবদ্ধ শর্ত পরিবর্তন ইত্যাদি।—প্রধান পরিদর্শক, কোন বিশেষ পরিস্থিতিতে, কোন লাইসেন্সের শর্ত পরিবর্তন বা বর্জন করিতে বা অতিরিক্ত শর্ত আরোপ করিতে পারিবেন।

৪৭। লাইসেন্স সংশোধন।—(১) এই বিধির অন্যান্য বিধান সাপেক্ষে, লাইসেন্সধারীর আবেদনক্রমে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ লাইসেন্স সংশোধন করিতে পারিবে।

(২) লাইসেন্স সংশোধনের উদ্দেশ্যে সংশ্লিষ্ট লাইসেন্সধারী নিম্নবর্ণিত কাগজাদিসহ দরখাস্ত করিবেন, যথাঃ—

(ক) ১০০ টাকা ফিস জমা দেয়ার ট্রেজারী চালানের মূল কপি;

(খ) যে লাইসেন্স সংশোধন করা হইবে উহার মূল কপি এবং উহার সহিত সংলগ্ন অনুমোদিত নকসা, যদি থাকে;

(গ) লাইসেন্সকৃত প্রাংগনে কোন মৌলিক পরিবর্তন প্রয়োজন হইলে, প্রস্তাবিত পরিবর্তন প্রদর্শন করিয়া যথাযথভাবে অংকিত তিন কপি নকসা, যাহা বিধি ৪৪(৪) অনুসারে প্রধান পরিদর্শক কর্তৃক অনুমোদিত হইতে হইবে।

৪৮। লাইসেন্স নবায়ন।—(১) লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ, এই বিধির অন্যান্য বিধান সাপেক্ষে, ঙ এবং চ ফরমে প্রদত্ত লাইসেন্স নবায়ন করিতে পারিবে এবং এই লাইসেন্স একটানা তিনটি পঞ্জিকা বৎসরের জন্যও নবায়ন করা যাইতে পারে।

(২) লাইসেন্স নবায়নের উদ্দেশ্যে লাইসেন্সধারী সংশ্লিষ্ট লাইসেন্সের মেয়াদ যে পঞ্জিকা বৎসরে শেষ হয় সেই বৎসরের ৩০শে নভেম্বর বা তৎপূর্বে নিম্নবর্ণিত কাগজাদিসহ দরখাস্ত করিবেন, যথাঃ—

(ক) উক্ত লাইসেন্সের মূল কপি এবং সংশ্লিষ্ট অনুমোদিত নক্সা;

(খ) এই বিধির উপ-বিধি (৩) অনুসারে নবায়ন ফিস প্রদানের ট্রেজারী চালানের মূল কপি।

(৩) প্রতি পঞ্জিকা বৎসরের জন্য লাইসেন্স নবায়ন করিতে লাইসেন্স মঞ্জুরের সমপরিমাণ ফিস প্রদেয় হইবে।

(৪) লাইসেন্স নবায়নের দরখাস্ত ১লা নভেম্বর হইতে ৩১শে ডিসেম্বরের মধ্যে দাখিল করা হইলে বা উপ-বিধি (২)-এ উল্লিখিত সময়ের পরে দাখিল করা হইলে, দ্বিগুন নবায়ন ফিস প্রদেয় হইবে ঃ

তবে শর্ত থাকে যে, একটানা একাধিক বৎসরের জন্য নবায়নের আবেদন করা হইলে এবং দরখাস্তটি লাইসেন্সের মেয়াদ শেষ হওয়ার অন্যূন ত্রিশ দিন পূর্বে দাখিল না হইয়া থাকিলে শুধুমাত্র নবায়নের প্রথম বৎসরের জন্য দ্বিগুন ফিস প্রদেয় হইবে।

(৫) উপ-বিধি (২), (৩) বা (৪) অনুসারে নবায়নের দরখাস্ত দাখিল করা হইলে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ লাইসেন্সটি নবায়ন করিয়া দিবেন।

(৬) লাইসেন্সের মেয়াদ শেষ হওয়ার পর নবায়নের দরখাস্ত লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের নিকট পৌঁছলে উক্ত কর্তৃপক্ষ উহা নবায়ন করিবেন না।

(৭) এই বিধির অধীনে লাইসেন্স নবায়নের দরখাস্ত করা হইলে লাইসেন্স নবায়িত না হওয়া পর্যন্ত অথবা নবায়নের আবেদন প্রত্যাখান করা হইয়াছে মর্মে আবেদনকারীকে অবহিত না করা পর্যন্ত লাইসেন্সটি বহাল আছে বলিয়া গণ্য হইবে।

৪৯। লাইসেন্স মঞ্জুর, সংশোধন, ইত্যাদির আবেদন প্রত্যাখ্যান।—লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ লাইসেন্স মঞ্জুর, সংশোধন বা নবায়নের আবেদন প্রত্যাখ্যানের সিদ্ধান্ত গ্রহণ করিলে উহার কারণ লিপিবদ্ধ করিবে এবং আবেদনকারীকে লিখিতভাবে উক্ত কারণ ও সিদ্ধান্ত অবহিত করিবে।

৫০। লাইসেন্স বাতিল ইত্যাদি।—(১) কোন লাইসেন্সধারী এ্যাকট বা এই বিধিমালার কোন বিধি বা লাইসেন্সের কোন শর্ত ভংগ করিলে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ সংশ্লিষ্ট লাইসেন্স বাতিল করিতে পারিবেঃ

তবে শর্ত থাকে যে, কোন লাইসেন্স বাতিল করার পূর্বে উক্ত লাইসেন্স কেন বাতিল করা হইবে না তাহার কারণ দর্শানোর জন্য লাইসেন্সধারীকে অন্ততঃ ১০ (দশ) দিনের একটি লিখিত নোটিশ প্রদান করিতে হইবে এবং উক্ত নোটিশে প্রস্তাবিত বাতিলকরণের কারণও উল্লেখ করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, কোন ক্ষেত্রে প্রধান পরিদর্শক যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, এ্যাকট বা এই বিধিমালার বিধান বা লাইসেন্সের কোন শর্ত ভংগ হওয়ার ফলে জনসাধারণের নিরাপত্তা বিঘ্নিত হইয়াছে বা হইতে পারে, তাহা হইলে তিনি উক্ত উপ-বিধির অধীন কারণ দর্শানোর নোটিশ জারীর পূর্বে বা বিষয়টি নিষ্পন্নাধীন থাকাকালেও উক্ত লাইসেন্স সাময়িকভাবে বাতিলের আদেশ দিতে পারিবেন, তবে এইরূপ আদেশ ছয় মাসের অধিক বহাল থাকিবে না।

(৩) উপ-বিধি (১) এর অধীনে প্রদত্ত নোটিশের প্রেক্ষিতে লাইসেন্সধারী কোন বক্তব্য পেশ করিলে উহা বিবেচনান্তে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ সংশ্লিষ্ট লাইসেন্স বাতিল করিতে বা সাময়িক বাতিলের আদেশ, যদি থাকে, প্রত্যাহার করিতে বা উক্ত লংঘন সম্পর্কে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য লাইসেন্সধারীকে প্রয়োজনীয় নির্দেশ দিতে পারিবেন।

(৪) গ্যাসপূর্ণ সিলিণ্ডার অধিকারে রাখার জন্য প্রদত্ত কোন লাইসেন্স উপ-বিধি (৩) এর অধীনে বাতিল করা হইলে উক্ত বাতিলকরণ আদেশে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ, বাতিলকরণের সময় বাতিলকৃত লাইসেন্সের অধীনে রক্ষিত উক্তরূপ কোন সিলিণ্ডার থাকিলে তৎসম্পর্কে কি ব্যবস্থা গ্রহণ করিতে হইবে সে বিষয়ে প্রয়োজনীয় নির্দেশ দিবেন এবং নির্দেশপ্রাপ্ত ব্যক্তি উক্ত নির্দেশ পালনে বাধ্য থাকিবেন।

৫১। আপীল।—(১) লাইসেন্স মঞ্জুর, সংশোধন বা নবায়নের আবেদন প্রত্যাখ্যানের আদেশ, অথবা লাইসেন্স সাময়িক বাতিল বা বাতিলের আদেশ, কোন বিস্ফোরক পরিদর্শক কর্তৃক প্রদত্ত হইলে উহার বিরুদ্ধে প্রধান পরিদর্শকের নিকট এবং উক্ত আদেশ প্রধান পরিদর্শক কর্তৃক প্রদত্ত হইলে উহার বিরুদ্ধে সরকারের নিকট আপীল করা যাইবে।

(২) বিরোধীয় আদেশ জারীর তারিখের ছয় সপ্তাহের মধ্যে উহার একটি অনুলিপিসহ আপীলের দরখাস্ত দাখিল করিতে হইবে।

৫২। লাইসেন্স হারানো ইত্যাদি।—কোন লাইসেন্স হারাইয়া গেলে বা উহা কোনভাবে বিনষ্ট হইলে লাইসেন্সধারী অনুমোদিত নকশা, যদি থাকে, এর অনুরূপ একটি নকশা এবং

৫০ (পঞ্চাশ) টাকা ফিসসহ দরখাস্ত করিলে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ তাহাকে একটি ডুপ্লিকেট লাইসেন্স প্রদান করিবে।

৫৩। লাইসেন্স উপস্থাপন ইত্যাদি।—(১) বিধি ৮০তে উল্লিখিত কোন কর্মকর্তা কোন লাইসেন্স তলব করিলে লাইসেন্সধারী বা উক্ত লাইসেন্সের বলে পরিচালিত কর্মকাণ্ডের ভারপ্রাপ্ত ব্যক্তি উক্ত লাইসেন্স বা উপ-বিধি (২) এর অধীন উহার একটি প্রামানিক অনুলিপি উপস্থাপন করিবেন।

(২) লাইসেন্সধারীর আদেশক্রমে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ লাইসেন্সের প্রাথমিক অনুলিপি প্রদান করিতে পারে, যদিঃ—

(ক) প্রতিটি অনুলিপির জন্য মূল লাইসেন্স ফিসের অর্ধেক ফিস প্রদান করা হয়; এবং

(খ) সংশ্লিষ্ট অনুমোদিত নকশার অনুলিপি দাখিল করা হয়।

৫৪। ফিস জমা দেওয়ার পদ্ধতি।—এই অনুচ্ছেদের অধীন প্রদেয় সকল ফিস "৬৫—কর ব্যতীত বিবিধ প্রাপ্তি, বিস্ফোরক বিভাগ" খাতে ট্রেজারী চালান মারফত জমা দিয়া চালানের মূল কপি (১ম কপি) দাখিল করিতে হইবে।

## নবম পরিচ্ছেদ

## ক্ষমতা

৫৫। এ্যাকটের ৭(১) ধারার অধীন পরিদর্শন, আটক ইত্যাদি ক্ষমতা প্রয়োগকারী কর্মকর্তা।—নিম্নের ছকের প্রথম কলামে উল্লেখিত যে কোন কর্মকর্তা উক্ত ছকের দ্বিতীয় কলামে উল্লিখিত এলাকার মধ্যে এ্যাকটের ধারা ৭(১) এ উল্লেখিত ক্ষমতা প্রয়োগ করিতে পারিবেনঃ

| কর্মকর্তা | এলাকা |
|---|---|
| (১) প্রধান পরিদর্শক, বিস্ফোরক পরিদর্শক, সহকারী বিস্ফোরক পরিদর্শক। | সমগ্র বাংলাদেশ |
| (২) সমস্ত জেলা ম্যাজিস্ট্রেট | স্ব স্ব জেলা |
| (৩) জেলা ম্যাজিস্ট্রেটের অধিনস্থ সকল ম্যাজিস্ট্রেট | স্ব স্ব অধিক্ষেত্র |
| (৪) পুলিশ কমিশনার ও তাঁহার অধীন এমন সকল পুলিশ কর্মকর্তা যাহাদের পদমর্যাদা ইন্সপেকটরের নীচে নহে। | সংশ্লিষ্ট মেট্রোপলিটন এলাকা |
| (৫) মেট্রোপলিটন এলাকা ব্যতীত অন্যান্য এলাকায়, সকল পুলিশ কর্মকর্তা যাহাদের পদমর্যাদা ইন্সপেকটরের নীচে নহেঃ | স্ব স্ব এলাকা |

তবে শর্ত থাকে যে, প্রধান পরিদর্শক, বিস্ফোরক পরিদর্শক বা সহকারী বিস্ফোরক পরিদর্শকের উপদেশ অনুসরণ ব্যতিরেকে কোন ম্যাজিস্ট্রেট বা পুলিশ কর্মকর্তা কোন গ্যাসপূর্ণ সিলিন্ডার হইতে গ্যাস অপসারণ বা অন্যবিধভাবে ইহাকে নিষ্ক্রিয় করিতে পারিবেন না।

## দশম পরিচ্ছেদ

## দুর্ঘটনা ও তদন্ত

৫৬। দুর্ঘটনার নোটিশ।—কোন গ্যাসপূর্ণ সিলিন্ডার হইতে এ্যাক্টের ৮(১) ধারায় উল্লেখিত ধরণের কোন বিস্ফোরক বা অগ্নিকাণ্ড (অতঃপর দুর্ঘটনা বলিয়া উল্লেখিত) ঘটিলে উহার সংবাদ অবিলম্বে এবং সম্ভাব্য দ্রুততম পন্থায় জেলা ম্যাজিস্ট্রেট, নিকটতম থানা এবং প্রধান পরিদর্শকের নিকট প্রেরণ করিতে হইবে।

৫৭। দুর্ঘটানার ধংসাবশেষ অপসারণে বিধি নিষেধ।—প্রধান পরিদর্শক অথবা তাহার প্রতিনিধি দুর্ঘটনাস্থল পরিদর্শন না করা পর্যন্ত, অথবা প্রধান পরিদর্শক আর কোন তদন্ত বা পরীক্ষাকার্য চালাইতে ইচ্ছুক নন এই মর্মে কোন নির্দেশ না পাওয়া পর্যন্ত, আহত ব্যক্তির উদ্ধারকার্য অথবা দুর্ঘটনায় নিহত ব্যক্তির অপসারণ অথবা যোগাযোগ ব্যবস্থা পুনঃ স্থাপনের জন্য প্রয়োজনীয় কার্যকলাপ ব্যতীত, দুর্ঘটনা স্থলের ধ্বংসাবশেষ অপরিবর্তিত অবস্থায় রাখিতে হইবে।

৫৮। দুর্ঘনার তদন্ত।—(১) এ্যাক্টের ধারা ৯(১) এর অধীনে সংশ্লিষ্ট জেলা ম্যাজিস্ট্রেট বা তাহার অধীনস্থ অন্য কোন ম্যাজিস্ট্রেট কোন তদন্ত কার্য পরিচালনা শুরু করার পূর্বে দুর্ঘটনাস্থলের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি, প্রধান পরিদশক এবং সংশ্লিষ্ট অন্যান্য ব্যক্তিকে উক্তরূপ তদন্ত সম্পর্কে অন্যূন ৩ দিনের আগাম লিখিত নোটিশ প্রদান করিবেন:

তবে শর্ত থাকে যে, বিশেষ পরিস্থিতিতে, উক্ত ম্যাজিস্ট্রেট উক্ত সময় অপেক্ষা কম সময়ের নোটিশ প্রদান করিয়া তদন্ত শুরু করিতে পারিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন অনুষ্ঠিতব্য তদন্ত প্রধান পরিদর্শক বা তাঁহার প্রতিনিধি উপস্থিত না থাকিতে পারিলে তিনি উক্ত ম্যাজিস্ট্রেটকে তাহার অপারগতার বিষয় অবিলম্বে জানাইয়া দিবেন এবং অনুরূপভাবে অবহিত না হওয়া পর্যন্ত উক্ত ম্যাজিস্ট্রেট তদন্তকার্য স্থগিত রাখিবেন।

(৩) তদন্তের সময় প্রধান পরিদর্শক বা তাহার প্রতিনিধি দুর্ঘটনার সহিত সংশ্লিষ্ট যে কোন ব্যক্তিকে জিজ্ঞাসাবাদ করিতে বা সংশ্লিষ্ট কাগজপত্র, সরঞ্জাম বা অন্যান্য জিনিষপত্র পরীক্ষা করিতে পারিবেন এবং উক্ত ব্যক্তি তাঁহার জিজ্ঞাসাবাদের উত্তর দিতে বা ক্ষেত্রবিশেষ সংশ্লিষ্ট কাগজপত্র, সরঞ্জাম বা জিনিষপত্রের অধিকারী উহা উপস্থাপন করিতে বাধ্য থাকিবেন।

(৪) এই বিধির অধীন অনুষ্ঠেয় তদন্তকার্য দুর্ঘটনা সংঘটিত হওয়ার ত্রিশ দিনের মধ্যে সম্পন্ন করিতে হইবে এবং তদন্তকারী ম্যাজিস্ট্রেট দুর্ঘটনার কারণ এবং পরিস্থিতি বর্ণনা করিয়া তদন্ত সমাপনের ১৫ দিনের মধ্যে তদন্তের একটি প্রতিবেদন সরকার ও প্রধান পরিদর্শকের নিকট প্রেরণ করিবেন।

## একাদশ পরিচ্ছেদ

### দণ্ড

৫৯। দণ্ড।—(১) কোন ব্যক্তি—

(ক) বিধি ২৭ এর বিধান লংঘনক্রমে বিনা লাইসেন্সে গ্যাসপূর্ণ সিলিণ্ডার আমদানী করিলে, অথবা বিনা লাইসেন্সে বা এই বিধিমালার কোন বিধান বা লাইসেন্সের কোন শর্ত লংঘনক্রমে সিলিণ্ডারে গ্যাস ভর্তি করিলে তিনি অন্যূন দুই বৎসর কিন্তু অনধিক ৫ বৎসর কারাদণ্ডে এবং অনধিক ৫০,০০০ টাকা অর্থ দণ্ডেও দণ্ডনীয় হইবেন; এবং উক্ত অর্থ দণ্ড অনাদায়ী থাকিলে অতিরিক্ত অনাধক ৬ মাস কারাদণ্ডে দণ্ডনীয় হইবেন;

(খ) বিধি ৪০ এর বিধান লংঘনক্রমে গ্যাসপূর্ণ সিলিণ্ডার বিনা লাইসেন্সে অধিকারে রাখিলে তিনি অন্যূন ৬ মাস কিন্তু অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ডে এবং অনধিক ২০,০০০ টাকা অর্থ দণ্ডেও দণ্ডনীয় হইবেন; এবং উক্ত অর্থ দণ্ড অনাদায়ী থাকিলে অতিরিক্ত অনধিক ৩ মাস কারাদণ্ডে দণ্ডনীয় হইবেন ;

(গ) বিধি ২৭ এর বিধান লংঘনক্রমে বিনা লাইসেন্সে খালি সিলিণ্ডার আমদানী করিলে অথবা এই বিধিমালার অন্য কোন বিধান লংঘন করিলে তিনি অন্যূন তিন মাস কিন্তু অনধিক এক বৎসর কারাদণ্ডে এবং অনধিব ১০,০০০ টাকা অর্থ দণ্ডেও দণ্ডনীয় হইবেন এবং উক্ত অর্থ দণ্ড অনাদায়ী থাকিলে অতিরিক্ত অনধিক এক মাস কারাদণ্ডে দণ্ডনীয় হইবেন।

ব্যাখ্যা—এই উপ-ধারার উদ্দেশ্য পূরণকল্পে সিলিণ্ডারে গ্যাস ভর্তি বলিতে এ্যাক্টের ধারা ৮(১) এর তাৎপর্য্যাধীনে বিস্ফোরক তৈরীও (manufacturing) অন্তর্ভুক্ত হইবে।

(২) গ্যাসপূর্ণ সিলিণ্ডার হইতে এ্যাক্টের ৮(১) ধারায় উল্লিখিত ধরণের কোন দুর্ঘটনা ঘটিলে দুর্ঘটনাস্থলের দায়িত্বে নিয়োজিত ব্যক্তি বা উক্ত সিলিণ্ডার কোন যানে বাহিত হইলে সিলিণ্ডারের মালিক, বিধি ৫৬(১) লংঘনক্রমে নোটিশ প্রদানে ব্যর্থ হইলে তিনি এ্যাক্টের ধারা ৮(২) অনুসারে দণ্ডনীয় হইবেন।

৬০। কোম্পানী কর্তৃক অপরাধ সংঘটন।—বিধি ৬০ এ উল্লিখিত কোন বিধান বা শর্ত লংঘনকারী ব্যক্তি যদি কোন কোম্পানী হয়, তাহা হইলে উক্ত কোম্পানীর মালিক, পরিচালক, ম্যানেজার, সচিব বা অন্য কোন কর্মকর্তা বা এজেন্ট উক্ত বিধান বা শর্ত লংঘন করিয়াছেন বলিয়া গণ্য হইবে, যদি না তিনি প্রমাণ করিতে পারেন যে, উক্ত লংঘন তাঁহার অজ্ঞাতসারে হইয়াছে অথবা উক্ত লংঘন রোধ করিবার জন্য তিনি যথাসাধ্য চেষ্টা করিয়াছেন।

ব্যাখ্যা—এই ধারায়—

(ক) "কোম্পানী" বলিতে কোন সংবিধিবদ্ধ সংস্থা, বাণিজ্য প্রতিষ্ঠান, সমিতি বা সংগঠনকেও বুঝাইবে;

(খ) বাণিজ্য প্রতিষ্ঠানের ক্ষেত্রে "পরিচালক" বলিতে কোন অংশীদার বা পরিচালনা বোর্ডের সদস্যকেও বুঝাইবে।

## দ্বাদশ পরিচ্ছেদ

## বিবিধ

৬১। রহিতকরণ ইত্যাদি।—(১) এতদ্বারা Gas Cylinder Rules, 1940 রহিত করা হইল।

(২) অনুরূপ রহিতকরণ সত্ত্বেও রহিত Rules এর অধীন প্রদত্ত কোন অনুমোদন ৩১শে ডিসেম্বর, ১৯৮৯ পর্যন্ত বহাল থাকিবে।

(৩) এই বিধিমালা প্রবর্তনের অব্যবহিত পূর্বে রহিত বিধিমালার অধীনে কোন বিষয় নিষ্পন্নাধীন থাকিলে উহা যতদূর সম্ভব এই বিধিমালার বিধান অনুসারে নিষ্পত্তি করা হইবে এবং অনুরূপ নিষ্পত্তিতে কোন অসুবিধা দেখা দিলে সরকার, লিখিত আদেশ দ্বারা, উহা নিষ্পত্তি করিতে পারিবে।

## তফসিল-১

## ফরমসমূহ

## ক-ফরম

[গ্যাস সিলিণ্ডার বিধিমালা, ১৯৮৯ এর বিধি ৩(২) দ্রষ্টব্য]

### সিলিণ্ডার, ভাল্ভ ও আনুষংগিক যন্ত্রাংশ নির্মাণের অনুমতি লাভের দরখাস্ত

১। দরখাস্তকারীর নাম ও পূর্ণ ঠিকানা :

২। দরখাস্তকারী কোন ষ্ট্যাণ্ডার্ড স্পেসিফিকেশন/কোড অনুসারে কি (অর্থাৎ সিলিণ্ডার/ভাল্ভ/যন্ত্রাংশ) নির্মাণে ইচ্ছুক :

৩। পূর্ব অভিজ্ঞতার বিবরণ :

(ক) নির্মিত সামগ্রীর নাম :

(খ) নির্মিত সামগ্রী কাহাকে সরবরাহ করা হইয়াছিল ? :

(গ) নির্মিত সামগ্রীর বিবরণ (সংখ্যা, নির্মাণ তারিখ, স্পেসিফিকেশন ইত্যাদি) :

৪। নিয়োজিত/নিয়োগযোগ্য কর্মচারীদের সংখ্যা, অভিজ্ঞতা ও অন্যান্য বিবরণ :

৫। নির্মাণ প্রক্রিয়া :

৬। নির্মিতব্য সামগ্রীর মান নিয়ন্ত্রণের ব্যবস্থা :

৭। রাসায়নিক ও যান্ত্রিক পরীক্ষণের জন্য স্থাপিত/স্থাপনযোগ্য যন্ত্রপাতির বিশদ বিবরণ :

৮। রেডিওগ্রাফিক/আল্ট্রাসনিক/অনুরূপ পরীক্ষণ সরঞ্জামাদির বিবরণ :

৯। অতিরিক্ত তথ্য, যদি থাকে :

বিঃ দ্রঃ—উপরোক্ত তথ্যাদি প্রদানের জন্য প্রয়োজনে অতিরিক্ত কাগজ ব্যবহার করা যাইবে।

তারিখ ———————

আবেদনকারীর স্বাক্ষর
(পূর্ণ নামসহ)

খ-ফরম

[গ্যাস সিলিণ্ডার বিধিমালা, ১৯৮৯ এর বিধি ৪৪(১)(ক) দ্রষ্টব্য]

সিলিণ্ডার আমদানীর লাইসেন্সের জন্য দরখাস্ত

১। দরখাস্তকারীর নাম ও ঠিকানা :

২। প্রযোজ্য ক্ষেত্রে গ্যাসপূর্ণ সিলিণ্ডার অধিকারে রাখার লাইসেন্স নং ও উহা মঞ্জুর করার তারিখ :

৩। দরখাস্তকারী যে প্রকার সিলিণ্ডার আমদানী করিতে ইচ্ছুক উহার বিবরণ—

(১) সিলিণ্ডারের সংখ্যা :

(২) সিলিণ্ডারের ষ্ট্যাণ্ডার্ড স্পেসিফিকেশন নং :

(৩) প্রস্তুতকারীর নাম ও ঠিকানা :

(৪) নিরপেক্ষ পরিদর্শনকারীর নাম ও ঠিকানা :

(৫) ভালভের ষ্ট্যাণ্ডার্ড স্পেসিফিকেশন নং :

(৬) সিলিণ্ডার গ্যাসপূর্ণ থাকিলে গ্যাসের প্রচলিত ও রাসায়নিক নাম :

(৭) স্থায়ী গ্যাস বা দ্রবীভূত এ্যাসিটাইলিন গ্যাস দ্বারা পূর্ণ হইলে ১৫° সেঃ তাপমাত্রায় পূরণ চাপ :

(৮) তরলযোগ্য গ্যাস দ্বারা পূর্ণ হইলে পূরণ অনুপাত :

(৯) খালি সিলিণ্ডার আমদানী করা হইলে, উহা যে গ্যাস দ্বারা পূরণ করা হইবে উহার প্রচলিত ও রাসায়নিক নাম :

(১০) সিলিণ্ডারের নম্বর (রোটেশন নম্বর) :

৪। যে স্থানে সিলিণ্ডার রাখা হইবে উহার বিবরণ :

৫। অতিরিক্ত তথ্য, যদি থাকে :

তারিখ——————— দরখাস্তকারীর স্বাক্ষর

বিঃদ্রঃ--প্রতিটি সিলিণ্ডার ও ভাল্ভ সম্পর্কে নিরপেক্ষ পরিদর্শনকারীর প্রত্যায়ন পত্র দরখাস্তের সহিত দাখিল করিতে হইবে।

## "গ" ফরম

[গ্যাস সিলিণ্ডার বিধিমালা, ১৯৮৯ এর বিধি ৪৪ (১) (খ) দ্রষ্টব্য]

### সিলিণ্ডারে গ্যাস ভর্তি বা গ্যাসপূর্ণ সিলিণ্ডার অধিকারে রাখার লাইসেন্সের জন্য দরখাস্ত

১। দরখাস্তকারীর নাম ও পূর্ণ ঠিকানা :

২। যে প্রাংগনে সিলিণ্ডারে গ্যাস ভর্তি করা হইবে বা গ্যাসপূর্ণ সিলিণ্ডার অধিকারে রাখা হইবে উহার অবস্থান

জেলা :

উপজেলা/থানা :

শহর/গ্রাম :

৩। যে গ্যাস সিলিণ্ডারে ভর্তি করা হইবে/যে গ্যাস দ্বারা পূরণকৃত সিলিণ্ডার অধিকারে রাখা হইবে সেই গ্যাসের প্রকৃতি, প্রযোজ্যটির নাম লিখুন, যেমন

(অ) তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস :

(আ) তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস ব্যতীত অন্য কোন প্রজ্বলনীয় কিন্তু অবিষাক্ত গ্যাস :

(ই) এমোনিয়া গ্যাস :

(ঈ) অবিষাক্ত ও অপ্রজ্বলনীয় গ্যাস :

(উ) বিষাক্ত গ্যাস :

(ঊ) দ্রবীভূত এ্যাসিটাইলিন গ্যাস :

৪। ক্রমিক নং ৩-এ উল্লেখিত গ্যাসের প্রচলিত ও রাসায়নিক নাম :

৫। ক্রমিক নং ৩এ উল্লেখিত গ্যাসের পরিমান ও সিলিণ্ডারের সংখ্যা :

তারিখ———————— দরখাস্তকারীর স্বাক্ষর

## ঘ-ফরম

[গ্যাস সিলিণ্ডার বিধিমালা, ১৯৮৯ এর বিধি ৪৪(৫) (ক) দ্রষ্টব্য]

### সিলিণ্ডার আমদানীর লাইসেন্স

লাইসেন্স নং————————

এতদ্বারা————————————————————————————————————————কে, নিম্নবর্ণিত সিলিণ্ডার আমদানীর জন্য, Explosives Act, 1884 (IV of 1884) এবং তদধীন প্রণীত গ্যাস সিলিণ্ডার বিধিমালা, ১৯৮৯ এর বিধানাবলী ও অত্র লাইসেন্সের উল্লেখিত শর্তাবলী সাপেক্ষে, লাইসেন্স মঞ্জুর করা হইল।

এই লাইসেন্স————————————————তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে।

তারিখ :——————— প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ।

### সিলিণ্ডারের বিবরণ

১। সিলিণ্ডারের সংখ্যা :

২। সিলিণ্ডারের ষ্ট্যাণ্ডার্ড স্পেসিফিকেশন এর নাম ও নম্বর :

৩। প্রস্তুতকারীর নাম ও ঠিকানা :

৪। নিরপেক্ষ পরিদর্শনকারীর নাম, ঠিকানা ও প্রতীক :

৫। ভালভের ষ্ট্যাণ্ডার্ড স্পেসিফিকেশনের নাম ও নং :

৬। সিলিন্ডারে পূরণকৃত গ্যাসের প্রচলিত ও রাসায়নিক নাম ঃ

৭। গ্যাসের পূরণ-চাপ বা পূরণ অনুপাত (যাহা প্রযোজ্য হয়) ঃ

৮। খালি সিলিন্ডার আমদানীর ক্ষেত্রে উহা যে গ্যাস দ্বারা পূর্ণ করা হইবে উহার প্রচলিত ও রাসায়নিক নাম ঃ

৯। সর্বশেষ কৃত উদস্থিতি বা উদস্থিতি প্রসারণ পরীক্ষার তারিখ ঃ

১০। সিলিন্ডারের নম্বর (রোটেশন নম্বর) ঃ

## লাইসেন্সের শর্তাবলী

১। যে বন্দর বা সীমানা ফাঁড়ি দিয়া গ্যাসপূর্ণ সিলিন্ডার আমদানী করা হয়, সেই বন্দর বা ফাঁড়ি হইতে উক্ত সিলিন্ডার অনুমোদিত প্রাংগনে দ্রুত স্থানান্তর করিবার জন্য পূর্ব হইতেই প্রয়োজনীয় ব্যবস্থা প্রস্তুত রাখিতে হইবে।

২। গ্যাসপূর্ণ সিলিন্ডার শূন্য হইলে, প্রধান বিস্ফোরক পরিদর্শকের পূর্ব অনুমতি ব্যতিরেকে ভিন্ন কোন গ্যাস দ্বারা উহা পুনরায় পূর্ণ করা যাইবে না।

## 'ঙ' ফরম

[গ্যাস সিলিন্ডার বিধিমালা, ১৯৮৯ এর বিধি ৪৪(৫) (ঘ) দ্রষ্টব্য]

## সিলিন্ডারে গ্যাস ভর্তি করার লাইসেন্স

লাইসেন্স নং------------

এতদ্বারা-------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------কে, Explosives Act, 1884 (IV of 1884) এবং তদধীন প্রণীত গ্যাস সিলিন্ডার বিধিমালা, ১৯৮৯ এর বিধানাবলী এবং অপর পৃষ্ঠায় বর্ণিত শর্তাবলী সাপেক্ষে এতদসংযুক্ত নকসায় প্রদর্শিত ও নিম্নে বর্ণিত প্রাংগনে সিলিন্ডার------------------------------------গ্যাস ভর্তি করার জন্য লাইসেন্স মঞ্জুর করা হইল।

এই লাইসেন্স ৩১শে ডিসেম্বর------------সাল বলবৎ থাকিবে।

তারিখ ঃ-------------------

নকসা নং-------------------তারিখ ঃ-------------------

প্রধান বিস্ফোরক পরিদর্শক,
বাংলাদেশ।

## লাইসেন্সকৃত প্রাংগণের অবস্থান ও বর্ণনা

## লাইসেন্স নবায়ন

| নবায়নের তারিখ | মেয়াদ উত্তীর্ণ হওয়ার তারিখ | লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের স্বাক্ষর। |
|---|---|---|
| | | |

## শর্তাবলী

১। সিলিণ্ডারে গ্যাস ভর্তি করা, সিলিণ্ডার মজুদ এবং তৎসংশ্লিষ্ট উদ্দেশ্য ছাড়া অন্য কোন উদ্দেশ্যে লাইসেন্সকৃত প্রাংগণ ব্যবহার করা যাইবে না।

২। লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের পূর্বানুমোদন ব্যতিরেকে লাইসেন্সকৃত প্রাংগণের কোন মৌলিক পরিবর্তন বা পরিবর্ধন করা যাইবে না।

৩। কোন সিলিণ্ডারে গ্যাস ভর্তি করা যাইবে না, যদি না—

(ক) এই ধরণের সিলিণ্ডার প্রধান পরিদর্শক কর্তৃক লিখিতভাবে অনুমোদিত হয়; এবং

(খ) সিলিণ্ডারটি বিধি ৩৩ অনুসারে পর্যবেক্ষণ ও পরীক্ষণ করা হয়।

৪। কোন সিলিণ্ডারের ডিজাইন প্রেসারের অধিক চাপে বা উক্ত সিলিণ্ডারের জন্য প্রযোজ্য পূরণ অনুপাত অতিক্রম করিয়া উহাতে গ্যাস ভর্তি করা যাইবে না।

৫। কোন সিলিণ্ডার বিধি ১০ এ বর্ণিত সনাক্তকরণ রংগে রঞ্জিত করা না থাকিলে উহা কোন গ্যাস দ্বারা পূর্ণ করা যাইবে না।

৬। ভিন্ন ভিন্ন গ্যাসের জন্য স্বতন্ত্র সংকোচনকারী ও পূরণকারী যন্ত্র ব্যবহার করিতে হইবে।

৭। লাইসেন্সকৃত প্রাংগণে প্রজ্বলনীয় গ্যাস ভর্তি করা হইলে অগ্নি নির্বাপনের উপযুক্ত ব্যবস্থা সবদা প্রস্তুত রাখিতে হইবে।

৮। লাইসেন্সকৃত প্রাংগণে প্রজ্বলনীয় গ্যাস ভর্তি করা হইলে গ্যাস সংকোচন ও গ্যাস ভর্তির যন্ত্রের বহিঃসীমা হইতে চতুর্দিকে ১০ মিটারের মধ্যে কোন দালানকোঠা, বাড়ীঘর বা জনপথ থাকা চলিবে না।

৯। লাইসেন্সকৃত প্রাংগণে অগ্নিকাণ্ড বা বিস্ফোরণের ফলে কোন ব্যক্তি মারা গেলে বা গুরুতরভাবে আহত হইলে বা কোন সম্পত্তি গুরুতরভাবে ক্ষতিগ্রস্ত হইলে উক্ত দুর্ঘটনার সংবাদ অবিলম্বে এবং সম্ভাব্য পন্থায় প্রধান বিস্ফোরক পরিদর্শক, জেলা ম্যাজিস্ট্রেট এবং নিকটতম থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে জানাইতে হইবে। প্রধান বিস্ফোরক পরিদর্শকের অনুমতি না পাওয়া পর্যন্ত দুর্ঘটনার তদন্ত করা হইবে না মর্মে তাঁহার নিকট হইতে অবহিত না হওয়া পর্যন্ত উক্ত দুর্ঘটনার ধ্বংসাবশেষ পরিবর্তিত অবস্থায় রাখিতে হইবে। তবে আহত বা নিহত ব্যক্তিকে দুর্ঘটনা স্থল হইতে সরানো যাইবে এবং যোগাযোগ ব্যবস্থা অব্যাহত রাখার জন্য প্রয়োজনীয় কাজ করা যাইবে।

১০। বিধি ৪২ এ উল্লেখিত পরিমাণের দ্বিগুণের বেশী পরিমানে গ্যাস বা উক্ত বিধিতে উল্লিখিত সংখ্যক গ্যাসপূর্ণ সিলিণ্ডারের দ্বিগুণের বেশী সংখ্যক গ্যাস পূর্ণ সিলিণ্ডার লাইসেন্সকৃত প্রাংগণে ২৪ ঘন্টার অধিক সময় ধরিয়া রাখা হইলে উক্ত প্রাংগণে চ-ফরমে (গ্যাসপূর্ণ সিলিণ্ডার অধিকারে রাখার লাইসেন্স) বর্ণিত শর্তাবলীর ২--৭ নং শর্তাবলী পালন করিতে হইবে।

## 'চ' ফরম

[গ্যাস সিলিণ্ডার বিধিমালা, ১৯৮৯ এর বিধি ৪৪(৫) (গ) দ্রষ্টব্য]

## গ্যাস পূর্ণ সিলিণ্ডার অধিকারে রাখার লাইসেন্স

লাইসেন্স নং---------------

এতদ্বারা-------------------------------------------------------------------------------------------------------------------------------কে, Explosives Act, 1884 (IV of 1884) ও তদধীন প্রণীত গ্যাস সিলিণ্ডার বিধিমালা, ১৯৮৯ এর বিধানাবলী এবং অপর পৃষ্ঠায় বর্ণিত শর্তাবলী সাপেক্ষে, এতদসংযুক্ত নকসায় প্রদর্শিত ও নিম্নবর্ণিত প্রাংগণে------------------------------------------------------------ গ্যাসপূর্ণ সিলিণ্ডার অধিকারে রাখার লাইসেন্স মঞ্জুর করা হইল।

এই লাইসেন্স ৩১শে ডিসেম্বর -------------সাল পর্যান্ত বলবৎ থাকিবে।

তারিখ ঃ---------------, ১৯

নকসা নং ----------তারিখ-----------------

লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ।

লাইসেন্সকৃত প্রাংগণের অবস্থান ও বর্ণনা

লাইসেন্স নবায়ন

| নবায়নের তারিখ | মেয়াদ উত্তীর্ণ হওয়ার তারিখ | লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের স্বাক্ষর। |
|---|---|---|
| | | |

শর্তাবলী

১। গ্যাসপূর্ণ সিলিণ্ডার মজুদ ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে লাইসেন্সকৃত প্রাংগণ ব্যবহার করা যাইবে না।

২। অদাহ্য বস্তু দ্বারা নির্মিত মজুদাগারে গ্যাসপূর্ণ সিলিণ্ডার মজুদ করিতে হইবে। তবে অপ্রজ্বলনীয় গ্যাসপূর্ণ সিলিণ্ডার মজুদ করা হইলে মজুদাগারের দরজা, জানালা ও অন্যান্য ফিটিংস দাহ্য পদার্থের তৈরী হইলেও চলিবে।

৩। মজুদাগার হইতে বায়ু নির্গমনের জন্য উহার মেঝের কাছাকাছি দেয়ালে এবং ছাদে বা ছাদসংলগ্ন দেয়ালে পর্যাপ্ত নির্গমন পথ থাকিবে। কোন মজুদাগার এল, পি, জি গ্যাস মজুদের জন্য ব্যবহৃত হইলে বায়ু নির্গমন পথগুলি তামার তৈরী জাল বা অনুরূপ জাল দ্বারা আচ্ছাদিত করিতে হইবে; এইরূপ জালের প্রতি সেন্টিমিটারে অন্যূন ১১টি ফাঁস থাকিবে।

৪। লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের পূর্বানুমোদন ব্যতীত লাইসেন্স প্রাংগণে কোন মৌলিক পরিবর্তন বা পরিবর্ধন করা যাইবে না।

৫। ১০০ হইতে ৫০০ কিলোগ্রাম তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাসের মজুদাগার কোন ভবনের অংশ বিশেষ বা উহার সংলগ্ন হইলে, মজুদাগার উক্ত ভবন হইতে মজবুত প্রাচীর দ্বারা পৃথকীকৃত হইতে হইবে এবং মজুদাগারে প্রবেশের জন্য সরাসরি এবং স্বতন্ত্র পথ থাকিবে। এইরূপ মজুদাগার সিঁড়ির নীচে অবস্থিত হইবে না।

৬। ৫০০ কিলোগ্রামের অধিক তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাসের মজুদাগার এবং কোন ভবন, জনসমাগমস্থল বা রাস্তার মধ্যে নিম্নলিখিত ফাঁকা দূরত্ব বজায় রাখিতে হইবে এবং উক্ত ফাঁকা জায়গায় কোন অননুমোদিত লোকজন প্রবেশ করিতে দেওয়া যাইবে নাঃ—

| গ্যাসের পরিমান (কিলোগ্রাম)। | ন্যূনতম দূরত্ব (মিটারে)। |
|---|---|
| ৫০১—১০০০ | ৩ |

| গ্যাসের পরিমাণ (কিলোগ্রাম)। | ন্যূনতম দূরত্ব (মিটার)। |
|---|---|
| ১০০১—৪০০০ | ৫ |
| ৪০০১—৮০০০ | ৭ |
| ৮০০১—১২০০০ | ৯ |
| ১২০০০ এর ঊর্ধ্বে | ১০ ঃ |

তবে শর্ত থাকে যে, উপরোক্ত দূরত্ব প্রধান পরিদর্শক হ্রাস করিতে পারেন, যদি হ্রাসকৃত দূরত্বের শেষপ্রান্তে (ক) প্রাচীর দেওয়া হয় বা অন্য কোন বিশেষ সাবধানতা অবলম্বন করা হয়, অথবা (খ) বিশেষ পারিপার্শ্বিক অবস্থার কারণে প্রধান পরিদর্শক সন্তুষ্ট হন যে, এইরূপ হ্রাসকরণ যথার্থ।

৭। লাইসেন্সকৃত প্রাংগণে প্রজ্বলনীয় গ্যাসপূর্ণ সিলিণ্ডার মজুদ করা হইলে, উহাতে অগ্নি নির্বাপনের উপযুক্ত ব্যবস্থা সর্বদা প্রস্তুত রাখিতে হইবে।

## তফসিল-২

[গ্যাস সিলিণ্ডার বিধিমালা, ১৯৮৯ এর বিধি ৪ (ঘ) দ্রষ্টব্য]

### নিরপেক্ষ পরিদর্শনকারী কর্তৃক সিলিণ্ডার ও ভাল্ভ পরিদর্শন ও পরীক্ষণান্তে প্রদেয় প্রত্যয়ন পত্রে উল্লেখনীয় তথ্যাদি।

ক-সিলিণ্ডারের ক্ষেত্রে—

১। নিরপেক্ষ পরিদর্শনকারীর নাম, ঠিকানা ও প্রতীক।

২। পরিদর্শনের স্থান ও তারিখ

৩। সিলিণ্ডারের নম্বর/নম্বরসমূহ

৪। সিলিণ্ডার প্রস্তুতকারীর নাম, ঠিকানা ও প্রতীক।

৫। সিলিণ্ডার যে স্ট্যাণ্ডার্ড স্পেসিফিকেশন/কোড অনুসারে তৈরী উহার নাম ও নম্বর।

৬। সিলিণ্ডারের বহির্ব্যাস, উচ্চতা, জল ধারণ ক্ষমতা ও টেয়ার ওজন।

৭। সিলিণ্ডারের গাত্রের নিম্নতম পুরত্ব

৮। সিলিণ্ডারের প্রস্তুত প্রক্রিয়া

৯। সিলিণ্ডারের ডিজাইন প্রেসার

১০। উপস্থিতি/উপস্থিতি প্রসারণ পরীক্ষণ এর তারিখ, পরীক্ষা চাপ ও ফলাফল।

১১। সিলিণ্ডার প্রস্তুতিতে ব্যবহৃত ধাতব উপকরণের নাম ও শতকরা হার।

১২। সিলিণ্ডার প্রস্তুতিতে ব্যবহৃত ধাতব পদার্থের ভৌত বৈশিষ্ট্য।

১৩। অতিরিক্ত তথ্য, যদি থাকে।

খ-ভাল্ভের ক্ষেত্রে--

১। নিরপেক্ষ পরিদর্শনকারীর নাম, ঠিকানা ও প্রতীক

২। পরিদর্শনের স্থান ও তারিখ

৩। ভাল্ভ প্রস্তুতকারীর নাম, ঠিকানা ও প্রতীক

৪। ভাল্ভ যে ষ্ট্যাণ্ডার্ড স্পেসিফিকেশন অনুসারে প্রস্তুত করা হইয়াছে উহার নাম ও নম্বর

৫। ভাল্ভের টেনসাইল ষ্ট্রেংথ ও উহার বিভিন্ন অংশের চাক্ষুষ পরীক্ষার ফলাফল।

৬। অতিরিক্ত তথ্য, যদি থাকে

## তফসিল-৩

[গ্যাস সিলিণ্ডার বিধিমালা, ১৯৮৯ এর বিধি ৩৪(২) দ্রষ্টব্য]

### সিলিণ্ডার পরীক্ষা কেন্দ্রের জন্য প্রয়োজনীয় সুবিধাদি

১। সাধারণ শর্ত—সিলিণ্ডারের নিরাপদ পরিচালন ব্যবস্থা নিশ্চিত করার উদ্দেশ্যে প্রতিটি পরীক্ষা কেন্দ্রে প্রয়োজনীয় সংখ্যক কর্মচারী এবং বিভিন্ন পদ্ধতিতে পরীক্ষণের জন্য পর্যাপ্ত সরঞ্জামাদি থাকিবে।

২। ব্যবস্থাপক—পরীক্ষা কার্য্য পরিচালনার দায়িত্বে নিয়োজিত ব্যক্তি (অতঃপর ব্যবস্থাপক বলিয়া উল্লিখিত) যথাযথ যোগ্যতা সম্পন্ন হইবেন। সিলিণ্ডার হইতে সম্ভাব্য বিপদ, পরীক্ষণ ও পরিদর্শনের উদ্দেশ্য, পরীক্ষা প্রণালী, সরঞ্জাম ও পরীক্ষার ফলাফল লিপিবদ্ধকরণের উপর তাহার প্রশিক্ষণ থাকিতে হইবে। তাহা ছাড়া পরীক্ষা কেন্দ্রের সহিত সংশ্লিষ্ট যান্ত্রিক প্রকৌশলগত বা রাসায়নিক প্রকৌশলগত বিষয়ে এবং যে গ্যাসের সিলিণ্ডারের জন্য পরীক্ষা কেন্দ্র অনুমোদন করা হইয়াছে সেই গ্যাসে ও সিলিণ্ডারের ক্ষেত্রে প্রযোজ্য ষ্ট্যাণ্ডার্ড স্পেসিফিকেশন, কোড বা বিধানাবলী সম্পর্কেও তাহার সম্যক জ্ঞান থাকিতে হইবে।

৩। কর্মচারী—পরীক্ষা কেন্দ্রে সিলিণ্ডার পরিদর্শন ও পরীক্ষণ কাজে নিয়োজিত প্রত্যেক কর্মচারী তাহার নিজ কাজের জন্য প্রয়োজনীয় যোগ্যতার অধিকারী হইবেন এবং তাহার কাজের সহিত জড়িত সম্ভাব্য বিপদ এবং উক্ত বিপদের সময় করণীয় সম্পর্কে তাহার সম্যক জ্ঞান থাকিতে হইবে।

৪। সরঞ্জাম—পরীক্ষা কেন্দ্রে নিম্নবর্ণিত সরঞ্জামাদি থাকিতে হইবেঃ—

(ক) যে সিলিণ্ডার পরীক্ষা করার জন্য পরীক্ষা কেন্দ্রটি অনুমোদিত হইয়াছে সেই সিলিণ্ডার সংক্রান্ত ষ্ট্যাণ্ডার্ড স্পেসিফিকেশন বা কোড এবং গ্যাস সিলিণ্ডার বিধিমালা, ১৯৮৯ এর একটি করিয়া অনুলিপি;

(খ) উদস্থিতি/উদস্থিতি প্রসারণ পরীক্ষণের জন্য বৃটিশ ষ্ট্যাণ্ডার্ড স্পেসিফিকেশন নং ৫৪৩০ তে উল্লিখিত যন্ত্রপাতি;

(গ) দ্রবীভূত এ্যাসিটাইলিন গ্যাস সিলিণ্ডার পরীক্ষার জন্য বৃটিশ ষ্ট্যাণ্ডার্ড স্পেসিফিকেশন নং ৬০৭১ এ উল্লিখিত যন্ত্রপাতি;

(ঘ) সিলিণ্ডারের অভ্যন্তরভাগ পর্যবেক্ষণের জন্য প্রয়োজনীয় নিম্ন ভোল্টেজ বাতি;

(ঙ) ওজন লইবার সরঞ্জাম;

(চ) সিলিণ্ডার নড়া-চড়া (handling) করিবার পর্যাপ্ত সরঞ্জাম;

(ছ) সিলিণ্ডারের অভ্যন্তরস্থ গ্যাস নির্গমন করানোর জন্য প্রয়োজনীয় সরঞ্জাম;

(জ) সিলিণ্ডারের অভ্যন্তরভাগ শুষ্ক করিবার সরঞ্জাম;

(ঝ) চিহ্নিতকরণ ও ছাপ মারার সরঞ্জাম;

(ঞ) এই বিধিমালা বা সংশ্লিষ্ট ষ্ট্যাণ্ডার্ড স্পেসিফিকেশন অনুসারে কোন পরীক্ষার জন্য প্রয়োজনীয় অন্য কোন সরঞ্জাম।

৫। অন্যান্য সুবিধাদি—(১) গ্যাস সিলিণ্ডারের বাহ্যিক পরীক্ষার জন্য পরীক্ষা কেন্দ্রে পর্যাপ্ত আলোর ব্যবস্থা থাকিতে হইবে।

(২) অব্যবহৃত গ্যাস সিলিণ্ডার হইতে অপসারণের জন্য পরীক্ষা কেন্দ্রে এইরূপ বায়ু চলাচলের ব্যবস্থা থাকিবে যাহাতে নির্গত গ্যাস হইতে কোন উৎপাত বা বিপদের সম্ভাবনা না থাকে।

(৩) পরীক্ষা কেন্দ্রের কার্যাদি পরিচালনার জন্য ইহাতে পর্যাপ্ত জায়গা থাকিবে।

(৪) পরীক্ষা কেন্দ্রকে যথাসম্ভব পরিচ্ছন্ন ও শুষ্ক রাখিতে হইবে এবং এতদুদ্দেশ্যে প্রয়োজনীয় ব্যবস্থা রাখিতে হইবে।

## তফসিল-৪

[গ্যাস সিলিণ্ডার বিধিমালা, ১৯৮৯ এর বিধি ৪৪(১) ও ৪৪(২) দ্রষ্টব্য]

### লাইসেন্স ফিস ও লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ

| ক্রমিক নং। | লাইসেন্স ফরম। | লাইসেন্সের উদ্দেশ্য | লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ। | লাইসেন্স ফিস (টাকায়) |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | "ঘ" | গ্যাসপূর্ণ সিলিণ্ডার অথবা খালি সিলিণ্ডার আমদানী। | প্রধান বিস্ফোরক পরিদর্শক। | প্রথম ১০০টি সিলিণ্ডার পর্যন্ত —১০০˙০০<br>১০০টি অতিরিক্ত প্রতি সিলিণ্ডার বা তদপেক্ষা কমসংখ্যক সিলিণ্ডারের জন্য —৫০˙০০ |
| ২ | "ঙ" | সিলিণ্ডারে গ্যাস পূরণ। | প্রধান বিস্ফোরক পরিদর্শক। | পূরণযোগ্য প্রত্যেক প্রকারের গ্যাস যথাঃ (অ) তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস,(আ) তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস ব্যতীত অন্য কোন প্রজ্বলনীয় কিন্তু অবিষাক্ত গ্যাস, (ই) এমনিয়া গ্যাস, (ঈ) অবিষাক্ত ও প্রজ্বলনীয় গ্যাস (উ) বিষাক্ত গ্যাস ও (ঊ) দ্রবীভূত এ্যাসিটাইলিন গ্যাস এর প্রত্যেকটির জন্য —১০˙০০ |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৩ | "চ" | গ্যাস পূর্ণ সিলিণ্ডার অধিকারে রাখা। | প্রধান বিস্ফোরক পরিদর্শক বা তৎ কর্তৃক ক্ষমতা প্রদত্ত কোন বিস্ফোরক পরিদর্শক। | (অ) তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাসর জন্য ১০০ কিঃ গ্রামের বেশী কিন্তু ৫০০ কিঃগ্রামের বেশী নয় —১০০·০০<br>অতিরিক্ত প্রতি ৫০০ কিঃ গ্রাম বা উহার অংশ বিশেষ —৫০·০০<br>(আ) তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস ব্যতীত অন্য কোন প্রজ্বলনীয় কিন্তু অবিষাক্ত গ্যাসের জন্য ১০০ কিঃ গ্রামের বেশী কিন্তু ৫০০ কিঃগ্রামের বেশী নয় —১০০·০০<br>অতিরিক্ত প্রতি ৫০০ কিঃ গ্রাম বা উহার অংশ বিশেষ —৫০·০০<br>(ই) এমোনিয়া গ্যাসের জন্যঃ ১২টি সিলিণ্ডারের বেশী কিন্তু ১০০ টির বেশী নয় —১০০·০০<br>অতিরিক্ত প্রতি ১০০ বা তদপেক্ষা কম সংখ্যক সিলিণ্ডারের জন্য —৫০·০০<br>(ঈ) অবিষাক্ত ও অপ্রজ্বলনীয় গ্যাসের ক্ষেত্রে, ২০টি সিলিণ্ডারের বেশী কিন্তু ১০০টির বেশী নয় —১০০·০০<br>অতিরিক্ত প্রতি ১০০ বা তদপেক্ষা কম সংখ্যক সিলিণ্ডারের জন্য —৫০·০০<br>(উ) বিষাক্ত গ্যাসের ক্ষেত্রে ৫টি সিলিণ্ডারের বেশী কিন্তু ১০০টির বেশী নয় —১০০·০০<br>অতিরিক্ত প্রতি ১০০ বা তদপেক্ষা কম সংখ্যক সিলিণ্ডারের জন্য —৫০·০০ |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | (ঙ) দ্রবীভূত এ্যাসিটাইলিন গ্যাসের ক্ষেত্রে, ১০টি সিলিণ্ডারের বেশী কিন্তু ১০০টির বেশী নহে —১০০·০০<br>অতিরিক্ত প্রতি ১০০ বা তদপেক্ষা কম সংখ্যক সিলিণ্ডারের জন্য —৫০·০০ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আব্দুল লতিফ মণ্ডল

উপ-সচিব।

মোঃ সিদ্দিকুর রহমান, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
খন্দকার মাহ্ফুজুল করিম, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।